# Bengali Association of Dallas Fort Worth

ড্যালাস-ফোর্ট ওয়ার্থ এর বাঙালী সঙ্ঘ

A Registered Texas Non-Profit Organization | IRS Tax ID Number: 75-2434783

# durgotsav 2014







या देवी सर्व भूतेषु मातृ रूपेण संस्थिता.नमस्तस्यै नमस्तस्यै नमस्तस्यै नमो नमः ||

## Executive Committee

Amit Saha • President
Sushim Mitra • Vice President
Vikram Mitra • Vice President
Sauvik De • Treasurer
Rayan Chaudhuri • Ex-Officio

## Core Team Members

Anindita Das
Riya Roy
Rudra Sengupta
Anamika Chatterjee
Arup Bhattacharya
Sobhan Haldar
Indrajoy Majumdar
Subhendu Mandal
Mrigesh Virnave
Rini Bose-Kar
Ranu Baidya



# Buying – Selling – Investing




**Kristi Reinertsen**

***RE/MAX DFW ASSOCIATES***

***11955 Dallas North Tollway #300***

***Frisco, TX 75033***

***214-995-0425***

***KristiReinertsen22@gmail.com***


***"Kristi helped us zero in on our exact requirements at the lowest price in no time. I would strongly recommend Kristi, especially to first time home buyers."***

***Rudra Sengupta***

***BADFW Member***




**Josh Long**

**Director of Sales and Marketing Frisco**

469-215-8936 / joshlong@firstam.com



FIRST AMERICAN

Hexter-Fair First American Title™

# Table of Contents / সূচীপত্র


| Title | Author | Page |
|---|---|---|
| President's Message | Amit Saha | 9 |
| অনন্যাশ্চিন্তয়েন্তা মাং | Samar Mitra | 11 |
| সিনাইয়ের সূর্যোদয় | Gautam Sarkar | 19 |
| Pottery Plaque | Sarmita Misra | 33 |
| নিউ ইয়র্ক ও আমি | Subha Addy | 35 |
| An Overview of Hindu Dharma | Dr. Sourendra K. Banerjee | 43 |
| ঈশ্বরকণার অনুসন্ধানে | Subimal Chakraborty | 51 |
| হাসির খোরাক | Hillol Ray | 61 |
| বেশ তো আছি | Seema Banerjee Ray | 65 |
| ঘুমায়ে পড়েছে ধরা... | Seema Banerjee Ray | 69 |
| Dare to Dream | Sankari Prasad Saha | 71 |
| Beauty of Life | Sankari Prasad Saha | 73 |
| An Inquisition Into the Innate Nature of Humanity | Anant Tibrewal | 75 |
| A Sketch | Sujata Chakraborty | 77 |


## Cover Page Credits



Cover Durga Illustration **Swapna Sengupta Haldar**

Digital Compilation **Mrigesh Virnave**

# AXIS Technology, LLC

**Headquarters:**
70 Federal Street Boston, MA 02110

**Phone:** (857) 445-0110
**Email:** info@axistechnologyllc.com



IT Strategy

Are you struggling to get your business and technology groups on the same page?



Information Security

Are you being challenged by AML Sarbanes-Oxley, Dodd Frank, HIPPA, & PCI?



Customer Engagement

Are your customers getting the information they need when they need it?




Application Transformation

Are you having trouble scaling your business because of outdated applications?

*Axis Technology, LLC named one of the "Largest IT Consulting Firms in Massachussetts" -Boston Business Jounal*

*Axis offers extensive experience in Operation Risk Management*

*We combine a user-centric approach with a strong business and technology expertise to guide you through a thoughtful, well designed process*

## Our Premier Clients

Tufts Health Plan, Transportation Security Administration, Wolters Kluwer Health, GEISINGER, CIT Bank, citigroup, Bank of America, PointClickCare, DentaQuest, Healthesystems, Molina Healthcare, Verisk Health, Walgreens, MEDai, Partners HealthCare, NCS, GFS gordon food service, Burlington, TJX, Stonegate, State Street, The Carlyle Group, New York Life The Company You Keep, Capital Market Authority, Leumi, Capital Group, Fidelity, Citizens Bank, TD Ameritrade, Morgan Stanley

# DMsuite®

## Data Masking by Design

Meet our Data Masking software **DMsuite.** It enables you to instantly mask without any programming. You just need to connect to your data source, profile, then mask! It all happens with an intuitive web interface.

TRY NOW FREE TRIAL

**Automated, radically simple and repeatable data masking – 10x faster than other solutions**

**Lowest Cost Discovery and Masking Solution**

**Mainframe, Databases, Files, and Big Data in one package.**

**Fastest Masking Solution Available**

**www.axisdmsuite.com**

**www.axistechnologyllc.com**

## Table of Contents / সূচীপত্র


| Title | Author | Page |
|---|---|---|
| **Youth Section** | | |
| দাদুর সাথে নায়াগ্রা ফলস | Aalo Choudhary | 81 |
| LA Vacation | Anirudh Mazumder | 83 |
| A Painting | Anushree De | 85 |
| A Drawing | Gaurav Haldar | 87 |
| A Drawing | Aritra Bhar | 87 |
| Indian Dancer | Bidisha Chowdhury | 89 |
| Durga Thakur | Ishita Chowdhury | 90 |
| William | Rishab Haldar | 91 |
| My First Year on Track | Rith Bhattacharyya | 92 |
| A Picture | Saheli Ray | 93 |
| কলকাতার বর্ষা | Srinjoyi Lahiri | 94 |
| Bangamela Days | Vedant Bhattacharyya | 95 |
| পূজো মানে | Soham Lahiri | 95 |
| A Painting | Trisha Bhattacharjee | 96 |
| আমার দাদুর ছাত্র জীবন | Aneesh Mazumder | 97 |
| Palm Tree | Arushi Mukherjee | 99 |
| A Shadow in the Night | Rishab Haldar | 100 |
| A Painting | Ritika Bhattacharya | 101 |
| A Push For Equality | Swaraaj Bhattacharya | 103 |
| A Painting | Trisha Bhattacharjee | 105 |
| Thank you | | 107 |
| Ad Index | | 109 |




## BA-DFW PRESENTS

(Designed by BA-DFW web team)














***Greetings from the President***

***October 3rd 2014***

*On behalf of all BA-DFW team members, it is my privilege to welcome you and your family to this auspicious occasion of our 31st Durgotsav. It was at this time of the year back home in Bengal, when the sound of the dhaak echoed in the air, and we woke up to the voice of the late Birendra Krishna Bhadra reciting our beloved 'Mahishasur-mardini' on the radio. Out on the busy streets, people would not mind being stranded in traffic, as they weaved their way through the crowded Puja pandals, and marveled at the decorations all around them. Here, at BA-DFW, we strive to bring back those old experiences from back home. As we do our best to recreate that ambiance and revive that nostalgia for you, we cordially invite you to join us in invoking HER goodwill upon us.*

*Our vision is to bring together all Bengalis not only from the DFW metroplex, but also from other states and cities all around us, and congregate as one unified community as we celebrate our biggest festival with our friends and extended families in this adopted homeland of ours. While doing that, we shall create new memories and hope that the next generation, growing up here in America, will fondly look back at this puja, just as we reminisce the festive days of our childhood.*

*While the BA-DFW family continues to grow, and build on our lasting legacy of the last 30+ years, our spirit remains the same. My family and I have been blessed to be a part of the BA community. I feel honored to be serving as the president of this vibrant organization, one that is so integrated into my social nervous system that I cannot think of myself without it.*


*My devoted team members are working tirelessly to make this an enjoyable event for both you and your family. Our executive, core, extended committee members and volunteers are committed to bring you a grand Puja ceremony, with the hallmark décor and ambiance, luscious food, and the exciting cultural lineup that you have come to expect from BA-DFW.*

*Volunteering is the heart of our organization, and I am truly fortunate to have a dedicated team of kids and adult volunteers helping our organization in so many different ways. Our youth group, the VoYagers, count on all the support they can get from all of you, as they make us proud every year by raising funds for charitable causes during this event. I cannot say enough to thank our enthusiastic team for everything they are doing to make this a memorable and fulfilling Pujo experience for all our attendees.*

*I wish to thank all of you who are attending the puja, and hope that we will be blessed with your ongoing support and participation in the future. I would also like to reach out to our patrons and sponsors with a special gesture of thanks and appreciation for their generous financial help year after year. We could not have done this without your support.*

*I wish you and your loved ones happiness, peace and prosperity, as we rejoice in the festive spirit, and get together as one big BA-DFW family to seek the blessings of Goddess Durga.*

*Sharad Shubhechcha,*
*Amit Saha*



INDOPAK SUPERMARKET
FULL SERVICE STORES IN THE METROPLEX
EVERYDAY LOW PRICE
ARLINGTON
IRVING
RICHARDSON
LEWIS VILLE
CARROLLTON
PLANO
Serving the community for the last 20 years
INDOPAK WORLD MARKET
Arlington
Grand Opening in Spring 2014
We carry African, European, Mediterranean, and South-East Asian grocery items at all stores
Largest Desi Store in the Metroplex
( 45,000 ft Floor Area )
Rental Spaces Available
for Jewelry, Insurance, Travel Agency and similar businesses.
meat & poultry
seafood
Richardson
323 East Polk Street
Richardson, TX 75081
(972) 644-7900
Arlington
808 SW Green Oaks Blvd
Arlington, TX 76017
(817) 466-2014
Irving
2521 West Airport Frwy
Irving, TX 75062
(972) 255-5941
Carrollton
2548 Dickerson Parkway
Carrollton, TX 75006
(972) 323-2002
Lewisville
297 W. FM 3040 HWY
Lewisville, TX 75062
(972) 906-2980
Plano
2060 W. Spring Creek
Plano, TX 75023
(972) 517-7031

# অনন্যাশ্চিন্তয়ন্তো মাং

সমর মিত্র

ভগবদ্‌গীতার নবম্ অধ্যায়ে ( রাজযোগ ৯ : ২২ ) শ্রীভগবান অর্জুনকে বলেছিলেন যে ' যাঁরা সব সময় আমার কথা চিন্তা করেন ও আমার উপাসনা করেন ( যাঁদের আমি ছাড়া অন্য কাম্য বা উপাস্য বা ভজনীয় দেবতা নেই ) তাঁরা অনন্য বা অসাধারন। আমার সঙ্গে নিত্যযুক্ত সেই সব ব্যক্তিদের জীবন যাপনের ভার ও রক্ষনাবেক্ষনের দায়িত্ব আমি বহন করি '। মূল শ্লোকটি হল,

**অনন্যাশ্চিন্তয়ন্তো মাং যে জনাঃ পর্যুপাসতে**
**তেষাং নিত্যাভিযুক্তানাং যোগক্ষেমং বহাম্যহং।**

এই শ্লোকে অনন্যাঃ ও মাং এই শব্দদুটি কোন অর্থে ব্যবহার করা হয়েছে ভাষ্যকারেরা সে বিষয়ে একমত পোষন করেন না। মাং শব্দটি যার প্রচলিত বা বিশেষ অর্থ হল আমাকে, সেটি গীতার বহু শ্লোকে ব্যবহৃত হয়েছে। এ ছাড়া অহং, মম, ময়ি, ময়া, মৎ এই শব্দগুলি তো আছেই। অনন্য শব্দটি অষ্টম থেকে ত্রয়োদশ অধ্যায়ের মধ্যে আটটি শ্লোকে দেখতে পাওয়া যায়।

মাং কথাটি ব্যবহার করে শ্রীকৃষ্ণ নিজেকে বুঝিয়েছেন বলে অনেকের ধারণা। এই মতের বিরুদ্ধে বলা যায় যে শ্রীকৃষ্ণকে স্বয়ং ভগবান অথবা ভগবানের অবতার যাই মনে করা যাক না কেন ঐ দ্বাপর যুগে তিনি মানুষের দেহ ধারন করে জন্ম, বৃদ্ধি, স্থিতি ইত্যাদি ষড়বিকার সবই ভোগ করেছিলেন। পরবর্তীকালের মানুষ তাঁর জন্ম ও কর্মের কথা শুনেছে মাত্র। তিনিই একমাত্র শরণ্য হলে তাঁর আগেরকালের মানুষদের অথবা পরবর্তীকালে পৃথিবীর অন্যত্র যেখানে তাঁর সংবাদ পৌঁছোয়নি সেখানকার মানুষদের তাহলে সদ্‌গতি হবার উপায় ছিল না বা নেই এই কথা মানতে হয়। ঠিক তেমনি অন্য কোন অবতার বা মহাপুরুষ অতীতে অথবা ভবিষ্যতে ঐ ধরনের কথা বলে থাকলে তাও গ্রাহ্য করা যাবে না। যীশুই একমাত্র পরিত্রাতা এক গোষ্ঠীর খৃশ্চানদের এইরকম বিশ্বাস। যীশুকে না মানলে নাকি নরকবাস অনিবার্য্য তাঁরা এই মত পোষন ও প্রচার করেন।

গীতার বাণী কালজয়ী, তাই এ ধরনের প্রশ্ন উঠতে পারেনা। অতএব মানতে হবে যে মাং, অহং ইত্যাদি শব্দগুলিকে শ্রীকৃষ্ণ নিশ্চয়ই গীতার সর্বত্র প্রচলিত অর্থে ব্যবহার করেননি। অর্থাৎ গীতায় মাং শব্দটি যে ঐ বিশেষ ব্যবহারিক অর্থে নয়, বরং আধ্যাত্মিক অর্থে ব্যবহার করা হয়েছে সেটাই যুক্তিসঙ্গত বলে মানা যেতে পারে। সেই অর্থে যে আমির কথাটি এখানে বলা হয়েছে সেই আমি কুরুক্ষেত্রে অর্জুনের কাছে দৃশ্যমান শ্রীকৃষ্ণের দেহের দ্বারা সীমিত নয়। সেই আমিটি হলেন পরমাত্মা যিনি স্থান, কাল নির্বিশেষে সর্ববস্তুতে ওতপ্রোত হয়ে আছেন। প্রতি জীবদেহে সেই এক আমি অস্বচ্ছদৃষ্টি আমাদের কাছে খণ্ড খণ্ড অসংখ্য আমিরূপে প্রকাশ পাচ্ছেন।

আমাদের দৃষ্টি যে অস্বচ্ছ, গীতার বিভূতিযোগে বিভিন্নশ্লোকে তার বিস্তারিত বর্ননা রয়েছে। তার একটিতে শ্রীভগবান অর্জুনকে বলেছেন ( গীতা ১০ : ৩৭ ) যে, বৃষ্ণিবংশে তিনি যেমন বাসুদেব তেমনি তিনিই আবার পাণ্ডবদের মধ্যে ধনঞ্জয়, মুনিদের মধ্যে ব্যাস ইত্যাদি। আরো আগে কর্মযোগের বর্ননা শেষ করে চতুর্থ অধ্যায়ের সূচনায় বলেছেন যে এই অব্যয় যোগ আমি পুরাকালে

EARL MANNS, Agent
Auto - Life - Health - Home and Business

3020 Legacy Drive, Suite 190 Plano, Texas 75023
Phone: Bus. (972) 234-4008 Fax (972) 208-8576

Congratulations and best wishes for another great year

**State Farm®**
Providing Insurance and Financial Services
Home Office, Bloomington, Illinois 61710

# Earl J. Manns, Jr.

**Agent**

**3020 Legacy Drive, Suite 190**
**Plano, Texas 75023**
**Bus: 972-234-4008 Fax: 972-208-8576**

24 Hour Good Neighbor Service®

সূর্যকে বলেছিলাম। সে কথা শুনে অর্জুন বলেছিলেন যে সূর্যের জন্ম তো তোমার জন্মের অনেক আগে তাহলে তুমি কি করে এই যোগের কথা সূর্যকে বলেছিলে ঐ গীতা ৪ : ৪ ) ? উত্তরে পরের শ্লোকে শ্রীভগবান বলেছেন যে আমাদের এই একটাই জন্ম নয়, এর আগে আমরা আরো অনেকবার জন্মেছি তবে তোমার সে সবকথা মনে নেই। তার একটু পরেই বলেছেন সেই বিখ্যাত শ্লোকটি যে পৃথিবীতে ধর্মের গ্লানি ও অধর্মের অভ্যুত্থান হলে আমি তার প্রতিকারের জন্যে নিজেকে সৃষ্টি করি ( ৪ : ৭ )। এমনি আরো অনেক শ্লোক আছে। তেমনি আবার অনেক শ্লোক আছে যেখানে অহং ইত্যাদি শব্দগুলি ব্যবহার করে তাঁর কৃষ্ণের রূপটির পরে দৃষ্টি আকর্ষণ করেছেন। কৃষ্ণরূপে তিনি যে স্বয়ং ভগবান সে তথ্য মনে হয় সবচেয়ে বেশি প্রকাশ পেয়েছে সেখানে যেখানে তিনি অর্জুনকে দিব্যচক্ষু দিয়ে তার বিশ্বরূপ দর্শনের প্রার্থনা পূরণ করেছেন।

এই ভাবনার পরিপ্রেক্ষিতে মনে হয় যে শ্রীভগবানের বলা এই নিবন্ধের আলোচ্য শ্লোকটির অর্থ হল যে শুধু কৃষ্ণরূপে নয়, সেই চিরন্তন বিভু বা সর্বব্যাপী আমিই জীবের সাধ্য এবং তাঁকে জানার প্রচেষ্টাই জীবের সাধনা। সেই সাধনা যে সহজ নয় আগেই শ্রীভগবান বলেছেন সেকথা। অনেক জন্মের সঞ্চিত পূণ্যকর্মের ফলে জীবের প্রকৃত জ্ঞানলাভ হয়। তখন সে মাং বা আমাতে শরণাগত হয় কারণ সে বুঝতে পারে যে ( গীতা ৭ : ১৯ ) সবই বাসুদেব, বাসুদেব ছাড়া আর কিছুই নেই। এই বিশ্বে যা কিছু আছে সমস্তই তিনি হয়েছেন। এখানেও মাং শব্দটির ব্যবহার উল্লেখযোগ্য এবং বসুদেবের পুত্র হিসেবে কৃষ্ণ বাসুদেব নামে পরিচিত হলেও এই শ্লোকে বাসুদেব বলে তিনি যে নিজেকে বুঝিয়েছেন এমন মনে করার কারণ নেই। যে দিব্যশক্তি সব কিছুর মধ্যে বাস করছেন তিনিই বাসুদেব, তিনিই মাং। এই শ্লোকটির শেষে শ্রীভগবান বললেন যে এই জ্ঞানে জ্ঞানী হয়েছেন যিনি নিঃসন্দেহে তিনিই মহাত্মা আর এই রকম মহাত্মা এ জগতে শুধু যে দুর্লভ তা নয় তিনি অত্যন্ত দুর্লভ বা সুদুর্লভ।

এই শ্লোকে শ্রীভগবান যে জনাঃ অর্থাৎ সেই সব মানুষদের কথা বলছেন যাঁরা অনন্যাশ্চিন্তয়ন্তো মাং অর্থাৎ আমাকে অথবা সেই পরম তত্ত্বকে অনন্য জেনে কিংবা অন্য সমস্ত চিন্তা বিসর্জন দিয়ে পর্যুপাসতে বা বিশেষভাবে উপাসনা করেন। এই পর্যুপাসতে কথাটি পরি + উপাসতে করে পাওয়া যায়। ত্যাগ বা বর্জন অর্থে পরি উপসর্গটির ব্যবহার হয়, সেক্ষেত্রে পর্যুপাসতে এই সম্পূর্ণ কথাটির অর্থ দাঁড়াল বর্জনপূর্বক উপাসনা। অর্থাৎ অন্য চিন্তা, ভাবনা ইত্যাদি বর্জন করে উপাসনা। এইভাবে উপাসনার ধরন ও তার গুরুত্ব কতখানি তা জানা গেল। শ্লোকটির পরবর্তী অংশে এই উপাসনার ফল বর্ণনা করেছেন শ্রীভগবান। কিন্তু তার আগে উপাসনা বস্তুটি কি সে সম্বন্ধে একটু ভাবা যেতে পারে।

উপ + আসনা করে উপাসনা কথাটি সৃষ্টি হয়েছে। উপ শব্দটির অর্থ নিকটে, তাই উপাস্য বস্তুর নিকটে আসন গ্রহন করা বা বসে থাকা উপাসনার এইরকম অর্থ করা যেতে পারে। যে বস্তুটি প্রিয় তারই নিকটে বসা যায় এবং সেই অবস্থায় তারই চিন্তায় তন্ময় হওয়া যায়। উল্লেখযোগ্য যে উপাসনার মত  উপবাস কথাটিরও মুখ্য অর্থ নিকটে বাস করা, নিরাহার বা আহার বর্জন হল গৌণ, তবে বহুল প্রচলিত অর্থ। আহার বর্জনের উদ্দেশ্য হল উপবাস অর্থাৎ অন্য ভাবনা ত্যাগ করে ইষ্টের ভাবনায় ভাবিত হতে পারার এ একটা উপায়। এই দিক দিয়ে দেখলে তাঁর ধ্যান, তাঁর কথা শ্রবন, মনন, কীর্তন, তাঁর পূজা ইত্যাদি সবই ঐ উপাসনার অঙ্গ বলা যেতে পারে। গীতার শংকরভাষ্যের টীকার রচয়িতা আনন্দগিরি উপাসনার অর্থ করেছেন শাস্ত্রীয় উপদেশের সাহায্যে উপাস্যবস্তুর স্বরূপ হৃদয়ঙ্গম করে আর সকল পদার্থ থেকে মনকে প্রত্যাহৃত করে

With
the
Best
Compliments
of

Anu
&
Arun
Agarwal

অবিচ্ছিন্ন তৈলধারার মত সেই বস্তুর চিন্তার ধারা বলে। সেই উপাস্যবস্তু নিরাকার পরমব্রহ্ম হতে পারেন আবার সাকার দেবদেবী বা তাদের অবতারও হতে পারেন। সাধক তার রুচি ও সংস্কার অনুযায়ী শিব, বিষ্ণু বা নারায়ন, দুর্গা, কালী, শ্রীরামচন্দ্র, শ্রীকৃষ্ণ ইত্যাদির মধ্যে ইষ্টের নির্বাচন করতে পারেন। শাস্ত্রে দীক্ষাগুরুকেও ইষ্টের মর্যাদা দেওয়া হয়েছে। কিন্তু সাধনার নির্দেশ সবক্ষেত্রেই এক। ইষ্টের ভাবনায় তন্ময় হয়ে যাওয়া।
শ্লোকটির দ্বিতীয় অংশে শ্রীভগবান এই অবস্থায় যাঁরা এসে পৌঁছেছেন তাঁদের পরিচয় দিয়েছেন অনন্যাশ্চিন্তয়ন্তঃর মতই আর একটি বিশেষন দিয়ে। সেটি হল নিত্যাভিযুক্তানাং - নিত্য বা সর্বদা অভিযুক্তানাং - অর্থাৎ ' যাঁরা আমার ( প্রথম অংশের মাং কথাটি এখানেও প্রযোজ্য ) বা ইষ্টের প্রতি সর্বদা অভিযুক্ত '। অভিযুক্ত এই কথাটির সংস্কৃতভাষার অর্থ আর বাংলাভাষায় প্রচলিত অর্থ শুধু আলাদাই নয়, বরং একটিকে অপরটির বিপরীতও বলা যায়। বাংলায় অন্যায় বা অপরাধের সঙ্গে যুক্ত বলে সর্বসাধারনের কাছে প্রমানিত এই অর্থে আর সংস্কৃতে আদর বা ভালবাসার সঙ্গে যুক্ত - যা সাধারনের জানা হতেও পারে বা নাও হতে পারে - এই অর্থে অভিযুক্ত কথাটির ব্যবহার হয়ে থাকে। সেই দিক দিয়ে প্রিয় বস্তুর সঙ্গে নিত্য অভিযুক্ত এই অবস্থার বর্ননা একটু বিশদ করে প্রকাশ করতে গেলে - সবসময় পরম প্রেমের সঙ্গে তাঁর চিন্তায় মগ্ন বা ধ্যাননিরত হয়ে থাকা - এইরকম করে বলা যায়।

ইষ্টের ধ্যানে তন্ময় হতে পারা সহজ নয়। তবে সেই ক্ষমতা যাঁরা অর্জন করেছেন, বহির্জগতের প্রলোভন বা দুঃখকষ্ট কিছুই তাঁদের বিচলিত করতে পারে না। বলা যেতে পারে যে এই তন্ময়ত্ব এমন একটি বস্তু যেটি আয়ত্ব হলে অন্য কোন কিছুরই লাভ বা ক্ষতি, আনন্দ বা বেদনার কারন হতে পারে না। এ এক দুরূহ সাধনা, তবে এই সাধনায় সফল হয়েছেন যিনি, কিছু না চাইলেও তাঁর সাফল্যের জন্যে সাধককে ছাড়াও অন্য পুরস্কার তিনি পাবেন বলে আলোচ্য এই শ্লোকটির উপসংহার টেনেছেন শ্রীভগবান। বলেছেন তিনি যে, যে সব পূন্যবান ব্যক্তি এই স্তরে পৌঁছেছেন তিনি স্বয়ং নাকি তাঁদের যোগ ও ক্ষেম বহন করে থাকেন। যোগ শব্দটি অনেকরকম অর্থে ব্যবহার করা হয় তবে ভাষ্যকারদের অনেকেই এই শ্লোকে অপ্রাপ্য বা অপ্রাপ্ত বস্তুর প্রাপ্তিকে যোগ বলে ব্যাখ্যা করেছেন। যোগের এই অর্থটির সঙ্গে ক্ষেম কথাটি জড়িত যার অর্থ হল প্রাপ্ত বস্তুর রক্ষনাবেক্ষন।

সাধারন মানুষ নিজের ভোগবাসনা চরিতার্থ করার জন্যে নিজেই যোগক্ষেম সম্পাদন করার প্রয়াস করে থাকে। কিন্তু প্রকৃত ভক্ত বা সাধক নিজের ভোগের ইচ্ছা করেন না তাই তার দিক থেকে যোগ ও ক্ষেম সম্পাদনের কোন প্রশ্নও ওঠে না। এর চরম দৃষ্টান্ত হিসেবে অজগর বৃত্তির উদাহরন রয়েছে। শোনা যায় যে অজগর নিজের খাবার যোগাড় করার কোন চেষ্টা করে না, খাবার নাকি তার মুখের কাছে প্রয়োজনমত এসে উপস্থিত হয়। তেমনি কোন কোন মহাপুরুষ জীবনধারনের জন্যে প্রয়োজনীয় অন্ন ও পানীয় সংগ্রহের প্রচেষ্টাও ত্যাগ করেছেন এরকম অনেক কাহিনী আছে। এই অবস্থায় এসে পৌঁছলে ইষ্টদেবতার আসন নাকি কেঁপে ওঠে। ভক্তের জীবন রক্ষার জন্যে ব্যস্ত হয়ে ওঠেন তিনি।

তা হলেও সর্বোত্তম যোগ ও ক্ষেম হল তাঁর ভাবনায় ভাবিত হতে পারা ও ভাবিত হয়ে সেই ভাবনাকে ধরে রাখতে পারা। নানাভাবে প্রতিটি জীবকেই ইষ্টের সঙ্গে যুক্ত হবার প্রচেষ্টায় তৎপর হবার সংকেত দিয়ে যাচ্ছেন তিনি। শাস্ত্র হয়ে তিনি নশ্বর জীবকে সন্ধান দিচ্ছেন অবিনশ্বরতার। আবার মুনি ঋষি সাধু মহাত্মার রূপে জীবনের মোড় ঘোরানোর শিক্ষা দিচ্ছেন নিজেদের দৃষ্টান্ত

# You might not be able to do everything at once, you can however do it all in one place.

## Let us help you with that.



**Shipping Services**
- UPS Next Day Air®
- UPS 2nd Day Air®
- UPS 3 Day Select℠
- UPS Ground
- UPS International

**Packaging Services**

**Mailbox & Postal Services**

**Packaging & Moving Supplies**

**Copying Services**

**Finishing & Printing Services**

The UPS Store at
Frisco
3245 Main Street
Ste # 235
Frisco, TX 75034
M- F: 8:30AM- 7PM,
Sat: 10AM- 4PM

The UPS Store at
Little Elm
2831 Eldorado Parkway
Ste # 103
Little Elm, TX 75034
M- F: 8:30AM- 7PM,
Sat: 10AM- 4PM

The UPS Store™

The UPS Store Centers are independently owned and operated by licensed franchisees of Mail Boxes Etc., Inc., an indirect subsidiary of United Parcel Service, Inc., a Delaware corporation.
Services and hours of operation may vary by location. ©2003 United Parcel Service of America, Inc.

দেখিয়ে। চৈতন্য মহাপ্রভু কেঁদে কেঁদে বলতেন, ' মুখে একবার কৃষ্ণ বল আর বলে আমাকে কিনে নাও '। ঈশ্বর মানুষকে স্বাতন্ত্র্য দিয়ে সৃষ্টি করেছেন ঠিকই তবে শাস্ত্র, গুরু আর সাধুদের মাধ্যমে তাকে শ্রেয় আর প্রেয় বস্তুর পার্থক্য বোঝানোর ব্যবস্থাও করেছেন। কিন্তু এই বোঝানো পর্যন্তই, তার পরে যা, তা তিনি মানুষের হাতেই ছেড়ে দিয়েছেন। জোর করে মানুষকে দিয়ে কোন কিছু করানোর পক্ষপাতী যে তিনি নন তা বেশ বোঝা যায়। গীতায় ভালো মন্দ, কর্তব্য অকর্তব্য, ধর্ম অধর্ম সম্বন্ধে নানা কথা বলার পরে শ্রীভগবান অর্জুনকে বলেছিলেন যে ' বিমৃশ্যৈতদশেষেন যথেচ্ছসি তথা কুরু ' ( ১৮ : ৬৩ ), অর্থাৎ ভালোভাবে এই সমস্ত বিবেচনা করে তোমার যা করতে ইচ্ছে হয় তাই কর।

তবে এই শ্রেয়ের পথের যাত্রীদের তিনি সাহায্য করেন। এই পথ শুধু যে দীর্ঘ তাই নয় দুর্গমও বটে। সেকারনে পথে নেমে নিরাশ হয়ে ফিরে আসার সম্ভাবনা খুবই যদি না ভরসা ও সাহস দেবার মত কোন কিছুকে পাওয়া যায়। এই প্রবন্ধের আলোচ্য শ্লোকটির সমাপ্তিতে যোগক্ষেমং বহাম্যহং বলে শ্রীভগবান আমাদের সেই প্রতিশ্রুতি দিয়েছেন। কেমনভাবে এই ভার তিনি বইবেন সে সম্বন্ধে গীতায় প্রত্যক্ষভাবে কিছু না বললেও পরোক্ষভাবে কিন্তু একটি পরম আশ্বাসের কথা শুনিয়েছেন আমাদের। এক জীবনে যে ঐ লক্ষ্যে পৌঁছতে পারলো না অথবা যে পথভ্রষ্ট হল তার কি গতি হবে অর্জুনের এই প্রশ্নের উত্তরে শ্রীভগবান বলেছিলেন যে তেমন ব্যক্তি পবিত্র ও শ্রীসম্পন্ন কোন বংশে অথবা কোন যোগীর কুলে জন্মগ্রহন করবেন ( গীতা ৬ : ৪১ – ৪৩ )। অনুকূল পরিবেশে জন্ম হওয়ায় তার পূর্বজন্মের সংস্কার তাকে সেই লক্ষ্যের দিকে এগিয়ে নিয়ে যাবে। যোগ ও ক্ষেমের প্রতিশ্রুতি রক্ষা করার এ এক আশ্চর্য্য উদাহরন।

এখন প্রশ্ন হল এই অনন্যচিন্তার তো একটা বিষয় থাকবে, সেটা কি রকমের ? শ্রীভগবান বলেছেন যে ' বিষয়টি অব্যক্ত, অনির্দেশ্য, অক্ষর ( গীতা ১২ : ৩-৪ ) এই ভেবে সর্বভূতের মঙ্গল সাধনে রত, সর্বত্র সমবুদ্ধি ও সংযমী কেউ কেউ তার উপাসনা করেন। কিন্তু পরিশেষে তারাও আমাকেই প্রাপ্ত হন। তবে ক্লেশবহুল ঐ পথ সবার জন্যে নয়।' এর আগে যাদের সাকার পছন্দ তাদের হয়ে অর্জুন শ্রীভগবানকে প্রশ্ন করেছিলেন যে কি কি ভাবে তিনি সেই ইষ্টের ( গীতা ১০ : ১৭ ) চিন্তা করবেন। উত্তরে তিনি বলেছিলেন যে ' এই জগতে স্থাবর, জঙ্গম, এমন কি ভাব প্রকাশের জন্যে যে ভাষা, সে সবই আমার রূপ বলে জানবে। বৃষ্ণিবংশের বাসুদেব যেমন আমি, পান্ডবদের মধ্যে তুমি যে ধনঞ্জয় সেও আমি। দেবতাদের মধ্যে আমি দেবরাজ ইন্দ্র, সর্পকুলের মধ্যে আমি বাসুকি, স্থাবরদের মধ্যে আমিই নগাধিরাজ হিমালয়। তেমনি বেদের মধ্যে আমি সামবেদ, মন্ত্রের মধ্যে আমি গায়ত্রী। এ সবই আমার ভিন্ন ভিন্ন রূপ।'

তিনি বিভু, তিনিই সব হয়েছেন এই তথ্যটি হৃদয়ঙ্গম করে অর্জুন বিশ্বরূপ দেখার অধিকার পেয়েছিলেন। কিন্তু সে তো সাধারন জীবের আয়ত্বের বাইরে। তার আত্যন্তিক কল্যাণের উপায় তবে কি হবে ? ভাগবত বলছেন এ যুগের মানুষের পক্ষে ইষ্টের নামই যথেষ্ট। নামই সাধ্য আর ঐ নাম করার ও নামে রতি আনার প্রচেষ্টাই এ যুগের সর্বোত্তম সাধন। এই সাধনের জন্যে স্থান কালের বিধিনিষেধ নেই, গুনে গুনে নাম করারও কোন বাধ্যবাধকতা নেই। ক্রমে এই নাম করার প্রচেষ্টা অভ্যাসে পরিনত হলে নামের প্রবাহ অবিচ্ছিন্নগতিতে আপনিই বইতে থাকে। সেই অবস্থাকেও অনন্যাশ্চিন্তয়ন্তঃ বা নিত্য অভিযুক্তের অবস্থা বলা যায়। অতএব নামের এই সাধনে যেন আমাদের মতি আর রতি হয় শ্রীভগবানের কাছে এই প্রার্থনা করি।

# With Best Compliments

# From

*Anamika and Tathagata Chatterjee*

*Baishali and Bappaditya Raybarman*

*Debjani and Subho Bandopadhay*

*Madhuri and Tushar Basu*



# সিনাইয়ের সূর্যোদয়

*গৌতম সরকার*

এত সুন্দর, এত মনোরম জায়গা আমি সত্যিই আর কোথাও দেখিনি। পাহাড় আর সমুদ্র পাশাপাশি। পাহাড়ের রং পাটকিলে, আর সমুদ্রের, অবশ্যই নীল। কিন্তু সূর্যের আলোয় সেই পাটকিলে আর নীল রঙের যে কত ‘রকম’ আর বাহার হয়, তা না দেখলে বিশ্বাস করা কঠিন। আর চারি দিকে শুধু বালি আর বালি। এতো বালিও ছিল এ পৃথিবীতে? তারই মাঝে এদিক-ওদিক কিছু ক্যাকটাস জাতিও গুল্ম; গজিয়ে আছে খাপ-ছাড়া ভাবে। এখানে ওদের উপস্থিতিটা কেমন যেন অযাতীত অতিথির মতো। এমন দৃশ্য সচরাচর দেখা যায় না। দেখে মন ভরে গেল। কিন্তু এখানে আসার আগে এইসবের কিছুই আমার জানা ছিল না। যে জন্যে সিনাই-পেনিনসুলায় এসেছিলাম, তা হল একটা ‘অসাধারন সূর্যোদয়’ দেখা। আর তা দেখতে হলে সারা রাত ট্রেক কোরে উঠতে হবে মাউন্ট সিনাই বা মাউন্ট মোসেসের ওপর, যার কোলে আছে পৃথিবীর সবচেয়ে পুরনো চার্চ, “সেন্ট ক্যাথরিন”। এই পাহাড়ের ওপরেই নাকি মোসেস স্বয়ং ভগবানের কাছ থেকে ‘টেন কম্যান্ডমেন্টসের’ (10 commandments) নির্দেশ পেয়েছিলেন, যা কিনা পরবর্তী কালে হোয়ে ওঠে খ্রিস্ট ধর্মের অ-আ-ক-খ। এইসব জটিল তথ্য হজম করার ক্ষমতা বা বুদ্ধিমত্তা, কোনটাই আমার নেই। যেটা ছিল, তা হল ঐ 'অসাধারণ সূর্যোদয়' দেখার একটা ইচ্ছা। 'অসাধারণ' এই কারনে, যে সূর্যটা নাকি পাহাড়ের তলা থেকে মাটি ফুঁড়ে উদয় হয়, পাহাড়ের ওপর দাঁড়ালে যা কি না মনে হয় যেন পায়ের তলা থেকে সূর্যোদয়। দার্জিলিঙের ‘টাইগারহিল’ থেকে আলাস্কার ‘মাউন্ট ম্যাকিনলে’, কন্যাকুমারিকার ত্রি-সাগরের সঙ্গম থেকে সাউথ-আফ্রিকার ‘কেপ অফ গুড হোপ’, আমার মিনেসোটার বাড়ির কাছের গ্রেট-লেক ‘সুপিরিয়র’ থেকে বলিভিয়ার পৃথিবীর উচ্চতম-লেক ‘টিটিকাকা’, রাজস্থানের মরুভুমি থেকে আফ্রিকার সাহারা, অ্যারিজোনার ‘গ্র্যান্ড-ক্যানিয়ন’ থেকে অস্ট্রেলিয়ার ‘উলুরু’-রক, এমনকি পেরুর অ্যামাজন জঙ্গলের ‘মাচুপিচু’তেও সূর্যোদয় বা সূর্যাস্ত দেখার সৌভাগ্য হয়েছে আমার; কিন্তু তাই বলে পায়ের তলা থেকে মাটি ফুঁড়ে? নাঃ, তেমনটা আগে কখনো শুনিনি। এইসব শুনেটুনে ঐ 'ইচ্ছা'টা মনে একেবারে জাঁকিয়ে বসলো, লোভটা আর সামলাতে পারলাম না। আর যাই হোক, এটা দেখতে গেলে আমাকে ভগবান বা ধর্ম বোঝার মতো কোন অসাধারণ ক্ষমতার অধিকারী হতে হবে না, যা কিনা আমার একেবারেই নেই! তাই ঠিক করে ফেললাম, যে এটা না দেখে আমি মিশর-দেশ ছেড়ে নড়ছি না। কিন্তু আমি ঠিক করলেই বা কি? সেখানে যাব কি করে? রাস্তা ঘাটই যে তেমন নেই; যা আছে তা অতি নগন্য, আর তারও বেশীরভাগই নাকি বন্ধ। কেনোনা কেউই যে সেদিকে যেতে চায় না। ওদিকে নাকি পদে পদে বিপদ, যুদ্ধ সংক্রান্ত। কারন আশেপাশের সব দেশই নাকি দাবি করে যে সিনাই-পেনিনসুলা তাদের, আর তাই নিয়েই যত খেয়োখেয়ি! অনেক কষ্টে একজনকে জোগাড় করা গেল, একটা ‘প্রাইভেট’ গাড়িতে কোরে আমাকে নিয়ে যাবার জন্য। কিন্তু মুশকিল হল ভাষা সমস্যা; আমার কাছে আরবি যা, ওঁর কাছে ইংরিজিও ঠিক তাই, একেবারে যাকে

# With Best Compliments

# From

***Monalisa and Pradip Mitra***

***Pallavi and Sankha Nagchoudhury***

***Piyal and Hiranyava Bhadra***



বলে 'ভাঁড়ে মা ভবানী'! তাই হাত-পা নাড়ানোই হয়ে দাঁড়াল বোঝাবুঝির একমাত্র মাধ্যম। ঠিক আছে, তাইই সই। একদিন ভোরে বেড়িয়ে পোরলাম। প্ল্যান-টা ছিল মোটামুটি এই যে কায়রো থেকে সুয়েজ হয়ে, 'গাল্ফ অফ সুয়েজ' বরাবর দক্ষিনে যাওয়া, আর সেই একই পথে ফেরত আসা। অন্য কোনো দিকে যাওয়া চলবে না। কারন মুশকিল হল আমার অ্যামেরিকান পাসপোর্ট। ঐ জন্যই আমার নাকি ইসরায়েলের গুপ্তচর হবার সমূহ সম্ভাবনা। কারন ঐ 'হারামি' অ্যামেরিকাই যে ইসরায়েলকে ইন্ধন যোগায়। যার জোরেই নাকি ইসরায়েলের এত দাপট, আর সেই দাপটেই নাকি ওরা সিনাই-পেনিনসুলায় 'বাবু' হয়ে বসে ছিল বেশ কিছুদিন। তিন তিনবার যুদ্ধ করে তবেই সিনাই-পেনিনসূলার বেশ খানিকটা উদ্ধার কোরতে পেরেছে মিশর। এইসব তথ্য কি আর আমার মাথায় ঢোকে? আমার শুধু ঐ একটাই সম্বল, ঐ 'ইচ্ছা'টা, ঐ 'সূর্যোদয়' দেখার 'ইচ্ছা'টা। তাছাড়া ঐ ২০০০ বছরের পুরনো, পাছা-ফাটা লুঙ্গির মতো কি সব ছাল-বাকল পরা, ধ্যারধ্যারে গোবিন্দপুরের মিস্টার মোসেস যদি তা দেখে থাকতে পারেন, তাহলে অ্যামেরিকায় থাকা এই আধুনিক আমিই বা তা পারবো না কেন? দুপুর ১২-টা নাগাদ সেন্ট ক্যাথরিন পৌঁছান গেল। এই চার্চে নাকি আমার মতো অপবিত্র নাস্তিকের ঢোকা বারণ। কিন্তু আমি যে অপবিত্র তাই বা জানছে কে? ভাবলাম এত দূর যখন এসেইছি, ঢুকেই পড়ি না একবার, কিই বা আর হবে? দেখেই নি না, কি এমন জিনিস আছে এর ভেতরে, যা নিয়ে কিনা মুসলমান, খ্রিস্টান আর ইহুদীদের মধ্যে এত লাঠালাঠি, এত খিটকেল। তাছাড়া পয়সা উসুল করারও তো একটা ব্যাপার আছে, এতো খরচ-খর্চান্ত কোরে এলাম এ্যাদ্দুর ...! কিন্তু ঐ যে বিবেক বলে কি যেন একটা আছে না? তার জোরাজুরির কাছেই হেরে গেলাম! কেন জানি না মনে হল যে, আমি এই গির্জায় ঢুকলে বাড়ি বয়ে এসে জোর কোরে কাউকে অসন্মান করা হবে। তা আমি পারবো না। তাই বাইরে থেকেই দেখলাম। বেশ দেখতে। অ্যামেরিকার মতো বড়, আর নতুন বা 'দ্রুত' কোনো দেশে থাকলে যা হয়; ৫০০ মাইল কোন দূরত্বই নয় কিন্তু ৫০০ বছর অনেক দিন! তাই দুই হাজার বছরের পুরনো কিছু একটা দেখছি, ভেবে মনে কেমন যেন একটা রোমাঞ্চ আর শিহরন হলো। কিন্তু ব্যাস, ঐটুকুই। স্পিরিচুয়াল কিছুই অনুভব কোরলাম না। মনে মনে একটু হাসলাম, কোন 'স্পিরিট' থাকলে তবে না 'স্পিরিচুয়াল' কিছু অনুভব করা যায়, আমার যে এইসবের 'কিসুই' নেই! উল্টোদিকে ছোটো একটা টিলার ওপরে একদল খ্রিস্টান লোককে কোন একটা প্রার্থনায় মগ্ন দেখলাম। ওরা যেইসব মন্ত্র আউড়াচ্ছিল, তার মধ্যে কেমন যেন একটা শান্তির বার্তা ছিল। ঠিক যেমনটা হয়; যখন সংস্কৃত মন্ত্র বা স্তোত্র 'তেমন' করে, কেউ তেমন 'গলায়' 'পাঠ' করতে পারেন! আমার ছোটবেলায় মহালয়া শুনে ঘুম থেকে ওঠার কথা মনে পড়ে গেল, বীরেন্দ্র কৃষ্ণ ভদ্রের সে কি অসামান্য দক্ষতায় স্তোত্র পাঠ! ভেবেই গায়ে কাঁটা দিল। ওঁদের দু-এক জনের পরনে সাদা আলখাল্লার মতো কিছু একটা মনে হল, হয়তো ওঁরাই পুরোহিত। ওঁদের সাথে গিয়ে আলাপ কোরতে ইচ্ছে করলো, তারপর ভাবলাম না থাক, ওঁদের প্রার্থনা ভঙ্গ করবো না, আমিতো আর সে ক্ষমতার অধিকারী হতে পারলাম না, ওঁদের পথেই বা বাধা হবো কেন? এদিক ওদিক ফ্যা ফ্যা কোরে ঘুরে বেড়ালাম বেশ খানিক্ষন। ভাবছিলাম

# With Best Compliments

# From

*Suparna and Manas Chakraborty*

*Surmita and Sasvata Chatterjee*

*Sutapa and Partho Ghosh*



ভগবান বেচারিকে নিয়ে এত মারামারি কেন? নাকি মারামারিটা আসলে জমি দখলের, এই সিনাই-পেনিনসুলার দখল নেবার মতো? আমার তিন মেয়ের কথা মনে পরে গেল। আচ্ছা, ওরা যদি কোনোদিন আমাকে নিয়ে মারামারি শুরু কোরে দেয়, তাহলে আমি কোন দিকে যাব? বেচারি ভগবান, ওঁর যে কি নিদারুন অবস্থা! উনার তো নিজেরই অশান্তির শেষ নেই, আর তাঁর কাছেই কিনা লোকে শান্তি ভিক্ষা করে? একটা আরব বেদুয়িনকেও দেখলাম, উটের পিঠে কোরে যাচ্ছে। রোদে চটা, কালচে-তামাটে গায়ের রং, আর হার গিলগিলে, রুক্ষ চেহারা; খেতে পায় না বোধহয়। গায়ে শতছিন্ন জামাকাপড়। দেখে মনে হয় বছর কয়েক স্নান করেনি ও, এদিকে জলই বা পাবে কোথায়? পায়ে দেখলাম ছোপ ছোপ মেরে সাদা খরি উঠেছে, গায়েও নিশ্চই বোঁটকা গন্ধ। ওর উটের পিঠেও একটা শতছিন্ন শতরঞ্চির মতো কিছু একটা, ঠাণ্ডা থেকে বাঁচার জন্যই বোধহয়। দেখে মায়া হল। সাথে তেমন কিছু নেইও যে ওদের দেব। আচ্ছা, ওর কি বউ আছে? ছেলে, মেয়ে? তারা কি খেতে পায়? সুখ যে নেই, তা তো দেখাই যাচ্ছে, কিন্তু শান্তি? সেটা কি আমার থেকে ওরই বেশী? সামনে একটা কুঁড়েঘর আর তাঁবুর মাঝামাঝি কিছু একটা দেখা গেল। ওরই হবে বোধহয়। ওখানেই কি ওর শান্তির সংসার? এদিক-ওদিক, ছড়িয়ে-ছিটিয়ে আরও কিছু উট, গুল্ম চিবিয়ে জিরোচ্ছে। ওদের চেহারাতেও কেমন যেন 'শান্তি'। দেখে মনে হল যে এই দুনিয়ায় কি ঘটছে, না ঘটছে, তাতে ওদের বোয়েই গেলো। এই 'আপাত অশান্ত' সিনাই-পেনিনসুলায় ভরপুর শান্তি খুঁজে পেলাম 'এই আমি'! প্রাণটা জুড়িয়ে গেল। ঐ 'শান্তি' দিয়েই আমার বুকটাকে ভড়ে নেওয়ার চেষ্টা করছিলাম, আবার কবে যে সুযোগ হবে! কিন্তু সেখানেও বিপত্তি। গাড়ির ড্রাইভার এসে তাগাদা লাগালো, জানালো যে এবার মাউন্ট সিনাই রওনা না হলেই নয়। নয়তো ওখানে আর সময় মতো পৌঁছানো যাবে না, কারন ওঁকে যে আবার এদিকেই ফেরত আসতে হবে রাত কাটাতে, আমি যখন সারা রাত ট্রেক কোরবো; কারন মনুষ্য সভ্যতা নাকি এখানেই শেষ! আচ্ছা, শান্তি খুঁজে পাওয়াটা কি এতই দুষ্কর? যদি বা এখানে একটু সুযোগ হল...! কি আর করা? বেরিয়ে পোরলাম। সন্ধ্যের আগেই পৌঁছে গেলাম মাউন্ট সিনাই। মনে মনে একটু ভয়ই পাচ্ছিলাম, পারবো তো? Driver তো আমায় পাহারের কোলে ফেলে রেখে কেটে পরবে, আর তারপর? কিন্তু ওখানে গিয়ে বেশ কিছু ইউরপিয়ান বিদেশীদের দেখে ধড়ে যেন একটু প্রান এল! তারা দেখলাম সব একেবারে বিলকুল তৈরী, ট্রেকিং-এর সাজ-সরঞ্জাম নিয়ে। আর আমি? সাথে শুধু একটা জলের বোতল! ঐ যে বলে না, বাঙ্গালীদের কিসসু হবে না! আমিই তার হাতে-গরম উদাহরণ। এখানে নাকি এখন সব জিরোচ্ছে, খানাপিনা অউর, বিদেশীদের যা হয়, চুমু-চামা। দেখলাম সবই চলছে বেশ ভালো রকম। আমি কি করি, কি করি ভাবতে ভাবতেই বিরক্ত হয়ে গেলাম। কিন্তু একা একা যে এগিয়ে যাবো, তার সাহসও নেই বুকে। এখানে এসেছি তো একাই, কিন্তু তারপর থেকে এই একাকীত্বের ভয়টা কেমন যেন গ্রাস করতে শুরু করেছে আমায়। আর তার ওপর এই ইউরপিয়ানদের দেখে আমার অবস্থা, যাকে বলে 'ঘোড়া দেখে খোঁড়া'। কথাবার্তা বলে যা বুঝলাম তা হল এঁরা রাত ১১-টা নাগাদ ট্রেকিং শুরু করবে, ওপরে পৌঁছাতে পৌঁছাতে রাত ৪-টে। তার


MANJU MITRA
LOAN ORIGINATOR
License# 313512
Rowlett Mortgage Lending, Ltd.
APPLY NOW
Call Now to Receive a Free, no Obligation Rate Quote
214.924.5168
Ask about our PUJA SPECIAL!
RESIDENTIAL MORTGAGE
Rowlett Mortgage Lending, Ltd. is your leading solution for Purchase, Refinance and Home Equity of your Home, Condo, Town Home, Duplex, Triplex or Quad.
Compare loan options for Fixed, FHA, VA and ARMS.
Check out our JUMBO products.
We will offer credit back CLOSING COST.
EQUAL HOUSING LENDER

বেশী দেরী করা যাবে না, কারণ ভোরের আলো ফুটতে শুরু করে দেবে। এইসবের কিছুই আমার জানা ছিল না। কেবল জানতাম যে সকাল ৯-টার মধ্যেই আমায় নেমে আসতে হবে,কারন ড্রাইভার আমার জন্য অপেক্ষা করে থাকবে। শুনে সকলে বললো যে ওটা নাকি কোন ব্যাপারই না, সূর্যোদয় ৬-টার মধ্যেই শেষ, তারপর নামতে ঘন্টা আড়াই, তিনের বেশী লাগবে না। মনে মনে ঠিক কোরে নিলাম যে এঁদের সাথেই উঠবো। রাত ১১-টা নাগাদ ওপরে ওঠা শুরু হল। খুব সুন্দর চাঁদ উঠেছে, রূপসী-কিশোরী যেন। ওর রূপের ছটায় চারিদিক রুপোলী, চিক চিক করে চলকে পরছে সেই রূপ। সেই উপচে পরা রূপের আলোয় পথ দেখে, আর মনে মনে আমাদের সকলের প্রিয় 'সলিলদা'র "আমরা সবাই মিলে সূর্য দেখব বলে" গানটা গাইতে গাইতে যখন ওপরে গিয়ে পৌঁছালাম, ততক্ষনে চাঁদ অনন্ত যৌবনা, আর আমার জিভ বেরিয়ে এই চল্লিশোর্ধ আমি চিতপটাং। ওপরে বেশ ঠাণ্ডা, কিন্তু ঐ ঠাণ্ডাটাকেই বুকে জড়িয়ে ধরতে ইচ্ছা করলো। চাঁদের আলোটা উপভোগ করতে করতে রবীন চাটুয্যের সেই সুরটা মনে পরে গেল, তালাত মাহমুদের গাওয়া "চাঁদের এত আলো"। নিজেকে খুব ভাগ্যবান মনে হলো, যোগ্যতার নিরিখে জীবনে তো কতো কিছুই বেশী পেয়ে গেলাম। ভারতে জন্মানোর সূত্রে এই গানটা, আর অ্যামেরিকায় থাকার দৌলতে মাউন্ট সিনাই! একেই বলে কপাল! অন্তত আমার দাদা আর ভাইটাকে সাথে রাখতে পারলে হয়তো এতটা 'গিল্টি ফিলিংস' হতো না। কি আর করা যাবে, সেটাও আমার কপাল! ছোটবেলায় সহজপাঠে বা কিশলয়ে পড়েছিলাম "একা একা খেলা যায় না, ঐ বাড়ি থেকে কয়জন ছেলে এলে বেশ হয়", আমার সেইটাই মনে পড়ে গেল। চাঁদের আলোটা আস্তে আস্তে কমে যেতে লাগল, আর আকাশটা একটু একটু করে পরিস্কার হতে লাগল। আকাশের রঙ বেগুনী থেকে গোলাপি, গোলাপি থেকে কমলা, কমলা থেকে লাল, আর তার সাথে সাথে আরও কতরকমের নাম-না-জানা রঙের পরিবর্তন হতে হতে হটাৎ সোনালী হয়ে গেল! আর তারই ফাঁকে এক মুহূর্তে পাহাড়ের তলা থেকে, আমার পায়ের তলা থেকে বেরোল একটা লাল টুকটুকে রক্তের গোলা, মুহূর্তেই যেটা আবার হোয়ে গেল এক তাল সোনার দলা। মনে হোল যেন হাতে একটা লম্বা ঝুলঝারু থাকলেই ওটাকে একটু ছুঁয়ে দেখা যেত; ওটা যেন কত কাছে, আবার কত দূরেও! তার এমন তীব্র রূপ, যে সেদিকে চোখ ফেরানো যায় না, তাই তা ভাষায় প্রকাশ করা অসম্ভব। জমায়েত লোকজনদের মধ্যে একটা হুল্লোড় উঠল, তারপর সবাই চুপ। একটা নিস্তব্ধতা গ্রাস কোরে নিলো সকলকে। আমার নড়াচড়া করার ক্ষমতাটাই হারিয়ে গেল বেশ কিছুক্ষনের জন্য। তারই মধ্যে কিছু ছবি তোলা, আর দু-এক মিনিটের একটা ভিডিও রেকর্ড করা। এরপর নামার পালা। নামতে গিয়ে কত কিছুই মনে এলো, এই পৃথিবীটা কত সুন্দর, আমরা শুধুশুধু কেন যে এত ঝগড়া-মারামারি করি, এই সব। মাথায় একটা চিন্তা ছিলই, যদি গাড়িটা সময়মত না আসে, কিম্বা একেবারেই না আসে? মিশরীয়দের সময় জ্ঞানের যা বোলিহারি! সময় সক্রান্ত কিছু জিগ্যেস করলেই এরা বলে "ইনসা আল্লা", অর্থাৎ কোন ঘটনা সময় মতো ঘটবে কিনা, কিম্বা আদৌ ঘটবে কিনা তার পুরোটাই "আল্লা"র মর্জির ওপর নির্ভরশীল। দায়িত্ব এড়ানোর কি সহজ সমাধান। ভারত থেকে সরাসরি এখানে এলে হয়তো এতটা চোখে পড়তো

# SHALIMAR SUPERMARKET CAFE

2417 W Airport Fwy Irving, TX 75062

972-258-8373



## LUNCH SPECIAL

**Monday - Friday**

**11:00 A.M - 3:00 P.M**

**Chicken Biryani**

**$2.99**

**Mutton Biryani**

**$5.99**

## COMBO

**Rice/Naan**


**Chicken Curry/Fish Curry**

**Daal/Vegetables**

**Seekh Kebob**

**$6.99**

**All Day**



না, কারণ আমাদেরও তো ঐ একই রকম সময় জ্ঞান, যদিও আমরা সচরাচর ভগবানকে এর মধ্যে জড়াই না। কিন্তু জীবনের বেশীরভাগটাই অ্যামেরিকায় কাটানর পর? খুবই চোখে পড়ে, বিরক্তি লাগে, আবার হাসিও পায়। চিন্তাটা নিচে নামার সময় তাই মাথায় বেশ ভালোরকমই ঘুরপাক খাচ্ছিল। কিন্তু নিচে নেমে দেখি আমার গাড়ি উপস্থিত, তাতে ঢুকেই গা-টা এলিয়ে দিলাম। কখন যে ঘুমিয়ে পড়েছিলাম তা জানি না, কতক্ষন যে ঐ ভাবে কেটেছে তাও জানি না। একটা হৈ-হল্লায় ঘুমটা ভেঙ্গে গেল। দেখি আমার গাড়ি ঘিরে বেশ কিছু লোকজন। তাদের হাতে বন্দুক, মাথায় পাগড়ী, মুখের বেশীরভাগটাই ঢাকা, পরনে মিশরীয় 'গালেবেয়া'। ভয়ে রক্ত একেবারে হিম হোয়ে গেল। এরা কি একেবারে মেরেই ফেলবে নাকি? মেয়ে তিনটের মুখখানগুলো চোখের সামনে ভেসে উঠল, তারপর সব কিছুই কেমন যেন ঝাপসা। ঘুমের ঘোরে কোন স্বপ্ন দেখছি না তো? দেখি ওরা আমার ড্রাইভারটাকে গাড়ি থেকে টেনে নামাচ্ছে। তারপরই বন্দুকধারী একজন গাড়িতে উঠে এল, আর তন্ন তন্ন করে গাড়ির ভেতরটার তল্লাসি নিল। তারপর আমাকেও নামতে হুমকি দিল। ভয়ে জড়সড় হোয়ে, থর থর কোরে কাঁপতে কাঁপতে আমি নামলাম। আমার কাছে কিছু একটা চাইল। আমার ড্রাইভার আমাকে বোঝাল যে ওরা আমার আই. ডি. চাইছে। আমার পাসপোর্টটা শরীরের একটা গোপন জায়গা থেকে বার করে ওদের দেখালাম। তখন ওরা আমার দিকে গভীর পলকে তাকিয়ে থেকে, নিজেদের মধ্যে কি সব বলাবলি করতে করতে, পাশের একটা ছেঁড়াখোঁড়া তাঁবুতে ঢুকে গেল। আমার পাসপোর্টটা নিয়েই। তার আগে আমাকে কি সব বলে শাসিয়ে গেলো, যার অর্থ একটাই হয় যে; আমি যদি এক পাও নড়ি, তো আমার জান খতম। কিন্তু নড়ে যাবই বা কোথায়? পাসপোর্ট ছাড়া? বেশ কিছুক্ষণ পর ওরা ফিরে এলো, আমার পাসপোর্টটা হাতে নিয়ে। ধড়ে যেন প্রাণ ফিরে পেলাম। কিন্তু পাসপোর্টটা ফেরত দিলো না। উল্টে বললো যে জামা-কাপড়-জুতো-মোজা সব খোলো। খুললাম। জামা-প্যান্টের পকেটগুলো ভালো কোরে সার্চ কোরলো, জুতো জোড়াও। তারপর বলল যে যেটা বাকি আছে, সেটাও খুলতে হবে, অর্থাৎ আমার জাঙিয়াটা! আমি ভাবলাম, কি বিপদ, এটা আবার কেন? ইতঃস্তত করতে লাগলাম। কিন্তু ওদের আরবি হোম্বিতোম্বি থেকে যা বুঝলাম তা হলো "অত সহজে চিঁড়ে ভিজবে না চাঁদু, তুমি ওখান থেকেই তোমার পাসপোর্টটা বার করেছো, সুতরাং ওখানে আরও কি কি লুকানো আছে তা আমরা দেখতে চাই"। আমার ড্রাইভারের দিকে আকুতি নিয়ে একবার তাকালাম, যে তুমি অন্তত এদের ভাষাটা জানো, কিছু একটা করো। কিন্তু ওঁর চোখের ইশারায় যা বুঝলাম তা হল যে, ওরা যা যা বলছে আমার তাই করাই শ্রেয়। নিজেকে বোঝানোর চেষ্টা করলাম যে এ আর এমন কি? জিমে সাঁতার কেটে বা র‍্যাকেট-বল খেলে উঠে এমন তো প্রায় প্রতি সপ্তাহেই করে থাকি; পুরুষদের লকার-রুমে সকলের সাথে উদোম হোয়ে স্নান করি, দাঁড়ি কামাই। এমনটাই তো করে আসছি অ্যামেরিকায় কলেজে পড়তে যাওয়া ইস্তক! ওখানে তো এটাই রেওয়াজ। সুতরাং এতে আর ঘাবড়ানোর কি আছে? বুঝতে পারলাম যে আমার এই অ্যামেরিকান

# EYE & VISION



***Comprehensive Eye & Vision Care***
***from Board Certified Physicians***

---

***Dr. Clarissa De Paz, OD***
***Dr Agustin Gonzalez, OD FAAO***
***Dr Cary Young, OD***
***Dr Luis Robles, MD***
***Dr Michael Mazaheri, MD***

---

***972.423.3937***

**3417 Spectrum Blvd, Richardson, TX 75082-9705**

http://www.eyeandvision.net

পাসপোর্টটাই এই মুহূর্তে আমার যত বিপত্তির কারণ। তাই ওদের বোঝানোর চেষ্টা কোরলাম যে আমি আদতে ভারতীয়। কায়রো, আর মিশরের অন্যান্য বেশ কিছু জায়গায় দিন কয়েক আগেই ঘোরার সুবাদে জানতাম যে এই মিশরীয়রা আমাদের বলিউডের ছবির খুব ভক্ত, টিভিতে এখানে সারাদিনই হিন্দি ছবি দেখানো হয়; আরবি-সাবটাইটেল সমেত। তাছাড়া পৃথিবীর বিভিন্ন প্রান্তে ঘুরে আমার এই ধারনাই হয়েছে যে, ভারতীয়দের ওপর বিশেষ কারো তেমন কোন রাগ নেই, এমনকি চীনাদেরও নয়; যদিও এখনো আমার পাকিস্তান ভ্রমনের সৌভাগ্য হয়নি। বরং, আমাদের সম্পর্কে অনেকেরই 'শান্ত-শিষ্ট-ল্যাজ-বিশিষ্ট' এই ধরনের একটা ধারনা আছে। তাই আমার ভারতীয়ত্ব বোঝাতে বলিউডের চিত্র তারকাদের নাম করে আবোল-তাবোল বোকতে শুরু করলাম। হয় তাতেই কাজ হোল, নতুবা আমাকে ওদের এক বদ্ধ-উন্মাদ বলে মনে হল; আমার ওপর ওদের সন্দেহটাই বোধহয় চলে গেল। আমার আর জাঙিয়া খোলার দরকারই হল না! পাসপোর্টটা ফেরত দিয়ে, পিঠে একটা চাপড় মেরে এক বন্দুকধারী বললো জামা-প্যান্ট পরে নিতে। চটপট তাই করলাম। তারপর ওরা আমার ড্রাইভারের সাথে কি যেন একটা মিটিং করল, আমার সামনেই। ড্রাইভার গাড়িতে ঢুকে, সাথে যে ম্যাপ নিয়ে গেছিলাম, তার ওপর আঙুল দিয়ে দিয়ে আমাকে বোঝাল যে আমরা যে রাস্তা দিয়ে আগের দিন এসেছিলাম, তা বন্ধ হয়ে গেছে, অন্য ঘুর-পথে ফিরতে হবে। শুধু তাই নয়, আমরা যাতে ওদের সাথে কোনরকম ছলা-কলা করে অন্য কনো দিকে চলে না যাই, তার জন্য ওরা ওদের লোক পাঠাচ্ছে একটা যুদ্ধ-জীপে, ওরা সামনে সামনে পথ দেখিয়ে নিয়ে যাবে, আমরা শুধু সেই পথেই ওদের অনুসরণ করে যেতে পারবো, নচেৎ নয়। আর বেশী ব্যাগোরবাই করলেই, ঢিসুম; কেউ আমাদের টিকিটিও খুঁজে পাবে না! সব কিছুতেই রাজি হোলাম। কিন্তু তাতেও রক্ষা নেই। একজন এসে হুমকি দিল যে আমার ক্যামেরাটা এখানে রেখে যেতে হবে। সে কি? তা কি করে সম্ভব? আমার যে মিশরের অনেক জায়গাই ঘোরা বাকি এখনো! ক্যামেরা ছাড়া চলবে কি করে? আমার এতো সাধের মাউন্ট সিনাইয়ের সূর্যোদয়ের ছবিগুলোও তো এরই ভেতর! কাকুতি মিনুতি করলাম। কোন লাভ হোল না। ওদের কথা হোল যে ওরা চায় না যে আমি এখানকার রাস্তাঘাট, চেকপোস্টের ছবি তুলি বা সেইসব ছবি এখানকার বাইরে যাক। আমি বললাম ঠিক আছে, তাই সই। কথা দিলাম যে আমি এই তল্লাটের আর কোন ছবি তুলব না, আর তোলা ছবিগুলোর মধ্যে আপত্যিকরগুলো ওদের সামনেই মুছে দিচ্ছি। ওরা বললো ঐ যে সামনে জীপে আমাদের লোক তোমাদের পথ দেখিয়ে নিয়ে যাবার জন্য অপেক্ষা কোরছে, ওরা কি তোমার মামা? যে তোমায় ছবি মোছার জন্য সময় দেবে? আমার দেওয়া কথার ভিত্তিতে যদিও বা ক্যামেরাটাতে ছাড় দেওয়া যায়, ওর ভেতরের ছবি সমেত মেমোরি-কার্ডটা কিছুতেই ওরা এখান থেকে বেরতে দেবে না। কি করবো? ঐ কার্ডটাতেই রফা করলাম, ওটা বার কোরে ওদের দিয়ে দিলাম। যে সূর্যোদয়ের বর্ণনা ভাষায় প্রকাশ সম্ভব নয়; সেই সূর্যোদয়ের ছবিগুলো সমেত, সেই সূর্যোদয়ের একটা ভিডিও সমেত! বুকটা ফেটে গেল। তারপরও রেহাই নেই। ওরা জিগ্যেস করলো যে সাথে আর কটা কার্ড আছে? সেখানে এখানকার রাস্তাঘাট বা চেকপোস্টের ছবি







## Dr. Monika Bhatia

PEDIATRIC SPECIALIST
BOARD CERTIFIED BY AMERICAN BOARD OF PEDIATRICS

**Dr. Bhatia has been in Pediatric practice for more than 10 years!**

Conveniently located for Plano, Allen, McKinney and Frisco neighborhoods

- Same day sick appointments
- Well child physicals: Newborn – 18 years
- After hours and weekend calls always answered by physician
- Prenatal consults for normal and complex newborns
- Sports/school/camp physicals
- Shots and advice for overseas travel
- Minor trauma care and laceration repair
- Removal of foreign bodies from eye, ear, nose, or skin
- Cryotherapy for warts
- Hospital privileges at:
  - Centennial Medical Center, Frisco
  - Medical Center of Plano
  - Presbyterian Hospital of Plano






599 South Custer Road,
Allen, TX 75013

kidschoicepediatrics@yahoo.com

Ph: (972)-359-7600
Fax: (972)-359-7601

তোলা আছে কিনা, ইত্যাদি। মোদ্দা কথা যা বুঝলাম তা হল এই যে, ভালোয় ভালোয় এরা শুধু আমার প্রাণটা নিয়েই এখান থেকে আমায় ফেরত যেতে দেবে, অন্য কিছু নিয়ে নয়। বাকি কার্ডগুলোও দেখালাম, ওরা বুঝল যে ওগুলো খালি। তারপর শুরু হল সামনের ঐ জীপটাকে অনুসরণ করা। প্রাণের ভয়, কিন্তু চারিপাশের দৃশ্য দেখে একেবারে মুগ্ধ হয়ে গেলাম। সিনাই-পেনিনসুলার সে কী অপরূপ রূপ, যা দেখে কিনা একটা প্রাণ-ভয়ে ভীত মানুষও মুগ্ধ হয়ে যেতে পারে। অবাক চোখে চারিদিক দেখছিলাম। বিভিন্ন চেকপোস্টের ভেতর দিয়ে যেতে হচ্ছিলো। মাঝে একবার মনে হল যে আদৌ ঠিকঠাক যাচ্ছি তো? নাকি এই সবই আমাকে ভাঙ্গিয়ে কিছু ডলার কামাবার ষড়যন্ত্র? কে জানে, আমাকে হয়তো এরা কোনো 'মাল'-দার পার্টি ঠাউরেছে! আর আমি ‘মাল’-দার না হলেই বা কি? আমার দেশ অ্যামেরিকাতো বটে! একটা দম বন্ধ করা ভয় চেপে বসতে শুরু করলো বুকে। আর ঠিক তখনই একটা মতলব এলো মাথায়। আমার যদি কিছু একটা হয়ে যায়, তাহলে একটা কিছু অন্তত রেখে যাই আমার মেয়েগুলোর জন্য, যাতে ওদের জানার একটা ক্ষীণ সম্ভাবনা থাকে যে ওদের বাবা কোথায় বেঘোরে প্রাণটা দিয়েছে। যেই ভাবা, অমনি কাজ। ক্যামেরায় একটা কার্ড ভোরে তাতে আমার একটা ছবি তুললাম, একটা মোক্ষম ‘সেল্ফি’! সাথে আমার ড্রাইভারেরও একটা ছবি। একটা ভিডিও রেকর্ড করলাম, কি অবস্থার মধ্যে পরেছি তার একটা ছোট বর্ণনা দিয়ে। তারপর সেই কার্ডটা ক্যামেরা থেকে বার কোরে পাক মেরে ছুঁড়ে ফেলে দিলাম গাড়ির বাইরে। ভালো কেউ যদি এটা কুড়িয়ে পায়, এই আশায়! হটাৎ সামনের জীপটা দাঁড়িয়ে পরলো, সেই অনুযায়ী আমরাও। আর ঠিক তখনই আমার খেয়াল হোল যে আমি এই মাত্র ওদেরকে দেওয়া কথার খেলাপ করেছি, এই তল্লাটের কোনো ছবি তুলবো না বলেও তার ছবি তুলেছি। আমার আত্মারাম খাঁচা। ভাবলাম এই রে, ওরা নিশ্চই দূরবীন দিয়ে আমার ছবি তোলা বা কিছু একটা ছুঁড়ে ফেলার কীর্তিকলাপ দেখেছে; এবার তার জবাব চাইবে। আমি কি জবাবদিহি করবো? এখন কি করি? জীপ থেকে দুজন বন্দুকধারী নেমে পেছনে আমাদের গাড়িটার দিকে আসতে লাগল। আমি শুধু আমার হার্টবিটগুলই শুনতে পারছিলাম। ওরা এসে জানাল যে আমরা একটা জাংসনে এসে পড়েছি। ওরা আর আমাদের পথ দেখাবে না। আমরা ডান দিকের রাস্তা ধরলে ঘুর পথে সুয়েজ হয়ে কায়রো পৌঁছে যাব। আর কোনরকম বেয়াদবি কোরে বাঁ দিকে যাবার পাঁয়তারা কষলেই, ঢিসুম; এই বালির গহ্বরেই সব শেষ! ওরা ওদের জীপে ফেরত গিয়ে ঠায় বসে রইলো, আমরা কোন রাস্তা ধরি তা দেখার জন্য। আমরা ডান দিকের রাস্তা ধরে মানে মানে কেটে পড়লাম। আমার হৃৎপিণ্ডের ধুকপুকুনিটা আমাদের গাড়ির ইঞ্জিনটার থেকেও বেশী জোরে ছুটছিল,আরও বেশী জোরে শব্দ করে যেন। বেশ কিছুক্ষন ঐ ভাবে যাবার পর, কায়রোর দিকে যাবার একটা সাইন চোখে পরলো। ধরে প্রাণ ফিরে পেলাম, আবার। তারপরই বিশ্বাস করতে শুরু করলাম যে এ যাত্রায় বোধহয় আর প্রাণের ভয় নেই! খানিক্ষণ পরে খেয়াল হল যে আমার গায়ের জামাটা ভিজে চুবুর, সপসপ করছে ঘামে! সাথে একটা অনুভূতিও হল; ঐ ঘাম দিয়ে জ্বর ছাড়ার

# Sudhir Pai, CPA PLLC

Certified Public Accountants



Sudhir Pai, CPA, EA, ACA,

Managing Partner, is 17+ year Industry Veteran

- Business & HNI Tax Planning Strategies
- Audit, Reviews & Compilations
- International Tax Compliance
- Financial Services
- Business Valuation & Transfer Pricing Study

MY TAX FILER Saving UP To $35000 Tax Planning Strategies

## mytaxfiler®

Tax Filing, Simplified!

PEACE OF MIND mytaxfiler GUARANTEED

ISO CERTIFIED

BBB

- Business Formations
- Individual & Business Tax Filing
- Bookkeeping & Payroll Processing
- Foreign Bank Account Reporting (FBAR)

Team of 60+ Tax & Accounting professionals based in multiple offices

(972)-961-4814 | Tax@mytaxfiler.com; info@sudhirpaicpa.com

www.mytaxfiler.com

পর যেমন হয়, অনেকটা সেইরকম| -: এই প্রতিবেদক, গৌতম সরকার, বর্তমানে মার্কিন যুক্তরাষ্ট্রের মিনেসোটার বাসিন্দা| এটি ফেব্রুয়ারি, ২০১২ সালে তাঁর ব্যক্তিগত অভিজ্ঞতা৷

**Pottery Plaque**

*Sarmita Misra*



# 1 STOP 1 Print & Office Supply Inc.

www.1-stopofficesupply.com







## Printing Services

We offer a variety of printing and binding services, including:

- Business Cards
- Envelopes
- Brochures
- Flyers & Handouts
- Booklets
- 3-4 Part Forms
- Posters
- Laminating
- GBC Binding

## Office Supplies

We carry upwards of 30,000 office supplies:

- Toner & Ink
- Office Supplies
- Office Furniture
- Computer Accessories
- Filing Supplies
- Break-room & Beverage Supplies
- Shipping Supplies
- Paper
- Janitorial Supplies

*Contact :*

*UPEN PANDYA*

*for printing*

*1stopoffice@gmail.com*

***972-671-7867***




*Contact :*

*ANITA WHITE*

*for office supplies*

*aw@1-stopofficesupply.com*

***972-671-7867***

## নিউ ইয়র্ক ও আমি

**Subha Addy**

এ কথা তো সবারই জানা যে প্রবীন মানুষে পুরনো কথা বলতে ভারী আনন্দ পেয়ে থাকেন । আমার মায়ের এক মামাদাদু ছিলেন যিনি প্রথম মহাযুদ্ধে আর্মিতে ডাক্তার ছিলেন। তাঁর আলিপুরের বিশাল বাংলোর গেটে ঝকঝকে পেতলের ফলকে লেখা ছিল মেজর এস এন দত্ত রায়। তখন আমাদের পড়বার বয়েস হয়নি, ওটা আমাদের মামাদাদুর একমাত্র ছেলে, মন্টু মামার দৌলতে জানা হয়ে গিয়েছিল। মামাদাদু আমার মায়ের দাদু হলেও আমরা সবাই তাঁকে বড়দের সামনে মামাদাদু ও পিছনে " চিঁড়েদাদু" বলে সম্বোধন করতাম। মামাদাদুর নাম ছিল, "সচ্চিদানন্দ"। কোনো দুষ্টু ছেলের অভিনব কারসাজিতে "স" এর বিয়োগে 'চ্চিদা', আমাদের আনন্দবর্ধক ' চিঁড়ে' তে পরিনত হয়েছিল। এই বিচিত্র নামের দাদুর বাড়িতে পালা পার্বনে সবাই একত্রিত হত আর চিঁড়েদাদু, সুবিধে পেলেই, আমাদের তো বটেই, পাড়া পড়শীদের কচি কাঁচাদেরও পাকড়াও করতে পারলে "গপ্প" শোনাতে বসতেন। একটু যারা বড় আর দৌড় পারদর্শী ছিল তারা হাত ফসকে দেশান্তরিত হত আর আমরা যারা নেহাতই পালাতে অপারগ তারা দশবার শোনা গল্প আবার শুনতাম, যতক্ষণ না মায়েরা এসে আধ ঘুমন্ত আমাদের "চল খাবি চল" বলে উদ্ধার করতেন। সেই সব যন্ত্রণা দায়ক দিনের কথা আজও ভালোই মনে আছে। চোখ বুজলে দেখতে পাই শীতের সন্ধ্যায় বেতের আরাম কেদারায় আধ শায়িত মামাদাদুর মাথায় বাঁদর-টুপী, গায়ে আষ্টে পিষ্টে জড়ানো কালো শাল আর পায়ের কাছে শতরঞ্জিতে গোটা দশেক বাল্য খিল্য। গল্পের শুরু বা শেষ কিছু ছিল কিনা মনে নেই, শুধু মামাদাদু, থেকে থেকেই তারিখ টারিখ নিয়ে ঘুরপাক খেতেন এটুকু মনে আছে। তিনি ১৯১৮ না ১৯১৭ তে যুদ্ধে গিয়েছিলেন, মন্টু মামা তখন জন্মেছিলেন না জন্মাবেন জন্মাবেন করছিলেন, মামী দিদা সে সময়ে সবুজ সোয়েটার বুনতে শিখছিলেন কিনা, এ সব নিয়ে তিনি খুবই ভাবনা চিন্তা করতেন, আর মাঝে মাঝে চোখ বুজে কোথায় যেন বেপাত্তা হয়ে যেতেন।।আমাদের সে সব তথ্যের কোনই প্রয়োজন ছিল না বলে আমরা সে সময়ে একে ওকে ধাক্কাধাক্কি করে, বক দেখিয়ে, জিভ ভেংচে নিজেদের মনোরঞ্জন করতাম। মামাদাদু আমাদের মাঝে মাঝে বিস্কুট দিতেন তাতেই কষ্ট কিছুটা সহনীয় হত।

আজকের গল্পের নায়ক কিন্তু মামাদাদু নন। ভনিতা করার কারণ টা বলছি। গল্পটা আমার ই! তবে যখনকার গল্প তখন হয়ত আজকের কিছু শ্রোতারা হাঁটি হাঁটি পা পা টলমল করে মা মাসিকে তাক লাগিয়ে দিচ্ছেন বা বড়জোর কাঁধে ব্যাগ ঝুলিয়ে ইস্কুলে যাওয়া শুরু করেছেন। তাই নিজেকে যদিও এই মুহূর্তে প্রাণে ধরে বয়োবৃদ্ধ বলতে পারছিনা তবুও আমার গল্পটা বেশ পুরনোই। সেটা শুনে যদি কারো বক দেখাতে ইচ্ছে হয় তাহলে "গোস্তাকি মাফ"!

যাক এবার মোদ্দা কোথায় আসা যাক! মামাদাদুর মত সালটা দিয়েই শুরু করি। ১৯৬৯ এর সেপ্টেম্বর মাস। সবে সপ্তাহ দুই হলো আমেরিকার নিউ ইয়র্ক শহরে পদার্পণ করেছি, একেবারে একা! দেশ থেকে আসার সময়ে ঝুলিতে যত সাহস সঞ্চয় করে এনেছিলাম তা নিউ ইয়র্ক হেন বিশাল জনপদে পা রেখে ও কলাম্বিয়া ইউনিভার্সিটির চত্তরে দু বার চক্কর দিয়েই, বাসী বেলুনের হাওয়ার মত উবে গেছে। এসেছিলাম বম্বে থেকে, ভেবে ছিলাম হলই বা নিউ ইয়র্ক, কি আর এমন হবে। মনে রাখবেন সে সময়ে দেশে টিভির চল হয়নি, কাজেই দু চার খানা ইংরিজি ছবিতে কি দেখতে কি দেখেছি, অত মনে থাকেনি।সদা ব্যস্ত নগরীর মানুষ জন, যান বাহন, দোকান পাট দেখে চক্ষু চড়ক গাছ| দুটো কথা বলব এমন কাউকে দেখিনা| সবাই শুধু হন্তদন্ত হয়ে ছুটছে, কোন

With best compliments from

*Amir and Naseem Hussain*

রাজ কার্যে কে জানে? কেউ থামেনা, কেউ জিজ্ঞাসা করেনা কেমন আছো? ভিড়ের ঘুর্নিতে কেবলি ঘুরপাক খেয়ে মরি, আর ফেলে আসা চেনা দেশের জন্য মন কেঁদে মরে|

তখন আবার টিকি আর নেড়া মাথা দুলিয়ে "হরে কৃষ্ণ" রা হলদে আলখাল্লা পরে পথে ঘাটে কেত্তন করে বেড়ায়। একদিন কৌতুহল ব:শত তাদের উর্ধবাহু নাচ দেখতে গিয়ে একজন হরে কৃষ্ণর চোখে পড়ে গেলাম। আমাকে শাড়ি পরা দেখে আহ্লাদে আটখানা। গায়ে পড়ে শুধালেন, আমি "yogik রান্না" জানি কিনা? জানিনা শুনে উর্ধ নেত্র হয়ে, জানালেন রান্নাতে ইয়োগার্ট দিলে yogik রান্না হয়, তাও জানোনা? তারপর হতভম্ব আমাকে মাঝ পথে ছেড়ে আমেরিকান উচ্চারণে "হরি বোল" বলতে বলতে বোধকরি বৈকুন্ঠের উদ্দেশেই রওনা দিলেন।

চাদ্দিকে সাহেব মেমেদের ছড়া ছড়ি, খচ খচ করে বিষম স্পিডে কি যে বলে আদ্দেক সময়ে বুঝতে পারিনা, অচেনা খাবার অর্ডার করতে বুক ধড়ফড় করে, অচেনা ডলারের হিসেব করতে গন্ডগোল হয়ে যায় আর একটা ডলারকে ৮ দিয়ে গুন করলে আতঙ্কে গলা শুকিয়ে যায়।তবু খিদে পেলে খেতে তো হবেই। কাজেই "যা থাকে কুল কপালে" বলে একদিন ঢুকে পড়লাম এক স্যান্ডউইচের দোকানে। বিশাল লাইন। দাম দেখে মনে হলো অন্য জায়গার থেকে একটু কম। তাই বোধহয় কলম্বিয়া ইউনিভার্সিটির দরিদ্র ছাত্রকুল এখানেই মধ্য দিনের আহার গ্রহণ করে। লাইন এগোচ্ছে আমিও। ভেবে চিন্তে ঠিক করলাম, চিকেন স্যালাড স্যান্ডউইচ বললে সবইতো বলা হবে, আর কিছু বলতে হবে না। হা কপাল! কাউন্টারের সামনে বিশাল এক লাল মুখো সাহেব কে আমতা আমতা করে বলেই ফেললাম "চিকেন স্যালাড স্যান্ডউইচ”!সাহেবর পাল্টা প্রশ্ন "on হোয়াট?" এ প্রশ্নের উত্তর কি দেব! খাবার তো, অন্তত সাহেবরা প্লেটেই খায় জানি, শাল পাতা কিংবা কলা পাতায় তো নয় রে বাবা!!সাহেব আবার গাঁক গাঁক করে জিগলেন "on হোয়াট লেডি ?" আমার তো নাড়ি ছেড়ে যাবার অবস্থা!পিছনে তাকিয়ে না দেখেও বুঝতে পারছি জনতা চঞ্চল হয়ে উঠেছে এক অদ্ভুত কাপড় জড়ানো আনাড়ির 'আনাড়িত্ব' দেখে! মিনমিন করে বললাম-"on এ প্লেট প্লীস"! আর যায় কোথায়? সাহেব তো গাঁক গাঁক করে হেসে উঠলেন তার সঙ্গে আমার পিছনে লাইনের সব্বাই গড়াগড়ি দিতে বাকি! ভ্যাবলার মত দাঁড়িয়ে আছি, হাসবো না কাঁদবো, না পিঠ টান দেব ভাবছি, সাহেবের বোধকরি আমার অবস্থা দেখে করুনা হলো! তিনি আমাকে খোলসা করে বুঝিয়ে বললেন, --কি রকম পাউরুটি আমার পছন্দ সেটা জানালে তিনি আমার স্যান্ডউইচ করে দেবেন! আমি আরো সাত হাত জলে! পাওউরুটির আবার নাম গোত্র দিয়ে পরিচয় দিতে হয় তা কি করে জানব? পাউরুটি এক রকমেরই দেখে আসছি আজন্ম| এখানে বলে রাখা ভালো যে সে সময়ে দেশে টেলিভিশন চালু হয়নি আর দেশ থেকে সে সময়ে হুদো হুদো লোক দু'বেলা আমেরিকায় আসতো না, কাজেই আমাদের জ্ঞান গম্যি অতি সীমিত ছিল| সাহেব ঝানু লোক আমার দুর্দশা আর না বাড়িয়ে স্যান্ডউইচ করে, কাগজে মুড়ে হাতে ধরিয়ে দিলেন! এরপর বহুদিন আমি ওই মুখো হইনি।

মুর্খতার আরো উদাহরণ আছে| কলম্বিয়া ইউনিভার্সিটির বইয়ের দোকানে| নামেই বইয়ের দোকান, আসলে ছোটখাটো একটি পাড়া| বই তো আছেই তা ছাড়া আলপিন থেকে আলপাকার কোট, আর তাও কি এক রকমের না একটি দুটি| থরে থরে তাকের পর তাক, ওপরে, নিচে, সামনে, পিছনে যেদিকে তাকাও, সে দিকেই জিনিসের ছড়া ছড়ি| আমার নিজস্ব অভিজ্ঞতা, গড়িয়াহাট, কলেজ স্ট্রিট বা বড়জোর পার্ক স্ট্রিটের বইয়ের দোকান| দোকানের বিক্রেতারা সবসময়েই বিরক্তির মুখোস পরে থাকা পছন্দ করতেন, বই খুঁজে আনতে হলে ততোধিক| বেশিরভাগই নেই, আগামী সোমবার খোঁজ করবেন বলে ভাগিয়ে দিতেন| যাইহোক, ইউনিভার্সিটির দোকানে বাঁশ বনে ডোম কানার মত ঘুরে বেড়াচ্ছি, এক শিশি আঠা

# *With Best Compliments*

*from*

# Subash and Sarita Gaitonde

## 2419 Edgehollow Pl.
## Dallas, Texas

কেনার  বাসনায়| একজন সহৃদয়া মহিলা এসে জিজ্ঞাসা করলেন, সাহায্য করতে পারেন কিনা? কৃতজ্ঞ হয়ে জানালাম, "gum" কিনতে চাই| মহিলা উত্তর দিলেন, বাছা, "gum " ওই রাস্তার ওপারে ক্যান্ডির দোকানে পাবে! এও জানালেন দোকানটা   দেখিয়ে দিতে কারোকে যোগাড়ও করে দেবেন| এত ব্যবস্থা স্বত্তেও নড়ছিনা দেখে বোধ হয় তাঁর কৌতুহল উদ্রেক হলো,  শুধালেন "gum " দিয়ে কি করবে? মনে মনে ভাবলাম মেমের বুদ্ধির বহর তো প্রশংসা যোগ্য মনে হচ্ছেনা| আঠা দিয়ে লোকে কি করে? --মুখে বললাম,    কাগজ  জুড়ব| হাতের দুটো আঙ্গুল জুড়ে ইশারা করে দেখিয়েও দিলাম| মেমসাহেব, চিড়িয়া খানায় আমরা যে আশ্চর্জানিত দৃষ্টিতে উটপাখি দেখতাম তেমনি করে আমাকে পর্যবিক্ষণ করে  আমাকে তাঁর সঙ্গে আসতে বললেন  ও বেশ কিছু তাকের গলি পেরিয়ে, সারি সারি আঠার ছোট বড় শিশি দেখিয়ে দিলেন| যেতে যেতে কানে কানে ফিসফিসিয়ে  বলে গেলেন--- একে বলে "গ্লু"!! বোঝো ঠেলা! চিরকাল জানি আঠাকে বলে "rubber gum "! এর পর জেনেছি সব সাহেবের ভাষা এক নয়! সেই নিয়মে বিলেতের brinjol  আমেরিকায় এসে হলো ডিমের গাছ বা এগ প্লান্ট, curd বা দৈ নাম বদলে yogurt !! হ জ ব র ল র "ছিল একটা রুমাল, হয়ে গেল একটা বেড়াল" এর মত ফুটপাথ হয়ে গেল সাইড walk !! ঢেরস কে লেডিস ফিঙ্গার বলে কি আতান্তর! কেন খুঁজছ, কি করবে, হ্যানা ত্যানা!!যেই বলেছি রান্না করে খাব, আঁতকে ওঠা দোকানদারের মুখ শুকিয়ে আমসি! সে তার বাপের জন্মে কখনো কাউকে আঙ্গুল রেঁধে খেতে শোনেনি!

ক্লাসে গেছি, প্রফেসর এলেন, নিজের মনে খাতা পত্তর দেখছেন, ঘর ভর্তি  ছাত্র ছাত্রীদের কোনো হেল দোল নেই| কেউ টেবিলে পা তুলে বসে কফির কাপে চুমুক দিচ্ছে, কেউ ডোনাটের মিষ্টত্ব নিয়ে পাশের একজনের সঙ্গে ঘোর আলোচনায় ব্যস্ত| খানিক পরে প্রফেসর জনতার উদ্দেশে এক প্রশ্ন ছুড়ে দিতে এতক্ষণের অমনোযোগী সব্বাই ঝট পট হাত তুলে উত্তর দিতে রেডি| ক্লাস হচ্ছে না চায়ের টেবিলে প্রশ্নোত্তর হচ্ছে বোঝা দুস্কর|  প্রফেসরের নাম জানা আছে, ডক্টর পিটার ড্যানিয়েলসন| তাঁর লেখা বইয়ের তালিকা করতে হলে বই লিখতে হয়! দুর্ধর্ষ জ্ঞানী বলে দেশে বিদেশে নাম আছে| এ হেন বাঘা প্রফেসরকে যে কেউ নাম ধরে " হেই পিটস" বলে সম্বোধন করতে পারে আমার ধারণার বাইরে, কিন্তু " পিটস" এর তাতে কোনো অমর্যাদা হচ্ছে বলে মনে হলনা| দিব্যি হেসে হেসে উত্তর দিয়ে যাচ্ছেন| আমি যতদুর সম্ভব অদৃশ্য হয়ে বসে থাকার চেষ্টা করছিলাম, পাছে প্রফেসরের চোখে পড়ে যাই| পথে ঘাটে ঠোক্কর খেয়ে খেয়ে নিজের ওপর ভরসা মোটেই ছিল না তার ওপর এই প্রচন্ড নামী পন্ডিত বা বেপরোয়া ছাত্র বৃন্দের মুখোমুখি হতে হবে ভাবলেই হাত পা ঠান্ডা হয়ে আসছিল| ক্লাস শেষ হলো, মনে হলনা কেউ আমাকে লক্ষ করেছে, দুগ্গা বলে নি:শব্দে কেটে পড়ার তাল কষছি, এমত সময়ে, যেখানে বাঘের ভয়, পড়বি তো পড় খোদ বাঘের মুখে! হঠাত কোথা থেকে উদয় হয়ে, মাস্টার মশাই নাকের চশমার ওপর থেকে আমাকে ঠাওর করছেন! খানিক ক্ষন আগা পাস্তালা জরিপ করে বললেন-- এস আমার অফিসে| ফাঁসির আসামী হেন পিছনে পিছনে রওনা দিলাম| কিছুতেই বুঝতে পারছিনা আমি হেন এই সামান্য বিদেশি ছাত্রীর প্রতি তাঁর এই অসামান্য কৃপা কেন? পর মুহুর্তেই ভাবছি কি রে বাবা, কি করলাম, যার জন্যে আপিসে ডাক দিতে হ'ল! ইস্কুলে থাকতে প্রিন্সিপালের ঘরে নিয়মিত যাতায়াত থাকতে, আপিসে  ডাক পড়ার   কারণ আমার বিলক্ষন জানা ছিল!! প্রফেসর আমাকে নিজের ঘরে নিয়ে গিয়ে, বসতে দিলেন, কফি খাব কিনা শুধালেন, তারপর এক মোটা সোটা ফাইল নিয়ে বসলেন| আমার তখন দুশ্চিন্তা করার শক্তিও লোপ পেয়েছে|-- অল্প শোকে কাতর, অধিক শোকে পাথর আর কি? যাক বেশিক্ষণ আর ঝুলিয়ে না রেখে প্রফেসর আমার নাম ধাম, ঠিকুজি কুষ্টি, কোন সালে কি পাশ করেছি সব নির্ভুল বলে যাচাই করে নিলেন যে আমি --আমিই কিনা, তারপর জিগলেন, আমার ইংরিজি বুঝতে বা বলতে  কোনো অসুবিধা আছে কিনা? নেই  শুনে আবার প্রশ্ন --ক্লাসে   আলোচনাতে যোগ দিচ্ছিলে   না কেন? একটু  সাহস পেয়ে আমার উত্তর--আপনি থাকতে আমি কথা বলব? সাহেব   হাসি মুখে অভয় দিয়ে বললেন, তুমি কথা না বললে আমি কেমন করে   বুঝব তুমি আমাকে যাচাই করে নিতে পারছ কিনা? এ তো একেবারে আমার সারা জীবনের শেখা পাঠের সম্পূর্ণ বিপরীত ধারা|ভালো যারা তারা সামনে বসে নির্বিবাদে চুপ করে থেকে মাস্টার মশাইয়ের কথা গলাদ্ধকরণ করবে আর অগা বগারা পিছনের বেঞ্চি গরম করবে আর কথা বললে বকুনি খাবে, এই তো জানি| মাস্টার মশাইকে চ্যালেঞ্জ করার মত ডেপোমি করবে? ঘাড়ে   দুটো মাথা কার    বিরাজমান? সেদিন বুঝলাম, শেখার নানা পথ!





# FALAK ARTS

Creativity at it's best



Nisha



Nisha

Falak Arts specializes in teaching young minds to focus, learn discipline, improve motor skills and gain confidence through the medium of Art. Since 2002 Falak Arts has been teaching pencil color, water color, acrylic, oil painting, dry pastel, charcoal and also 2D & 3D Design to children's as well as adults in the Dallas-Ft. Worth area.

GIVE COUPON CODE: **BADFW** FOR **5% DISCOUNT**

*Telephone : 972-393-1539*
*711 Crestwood Dr. Coppell TX 75019*

WWW.FALAKARTS.COM
WWW.FALAKCOLLECTIONS.COM



## FALAK COLLECTIONS

**An upscale design studio featuring a contemporary collection of elegant Indian designer suits for every fashion conscious lady. We have our own unique designs from Delhi and Mumbai designed by us. Our selection dresses you up for every occasion and event. Georgette's, Cottons, Silks, chiffons & Brocade in vibrant colorful shades beautifully blended with exquisite embroidery to present the latest in Indian Fashion. We carry enticing, chic, vivacious & classic sarees, salwar kameez, kurtis, tunics & lehengas for all occasions. Our styles are the latest ahead of the mainstream curve. They are not available elsewhere in US and our prices are unbeatable**

ইন্টার ন্যাশনাল হাউসে সাত সাগর পেরিয়ে আসা ছাত্র ছাত্রীদের আবাসন| ছোট খাটো একটি ইউনাইটেড নেশন| সদ্য দেশ ছেড়েছি, গায়ে নির্ভেজাল দেশী ছাপ| দেশের মানুষ দেখলে ধড়ে প্রাণ পাই| জুটে গেল বেশ কটি| সদ্দারজি, মারাঠি, মদ্র আবার বাঙালিও| এদের মধ্যে কেউ কেউ একবছর আগে আসার গৌরবে, আমাদের মত নয়া মালেদের স্বনির্বাচিত গার্জেন হবার দায়িত্ব নিলেন ও যত্ন করে এটা সেটা শিখিয়ে পড়িয়ে মানুষ করে তুলতে বদ্ধ পরিপাক হলেন| নাম বলছিনা, তাদের মধ্যে একজন সেই যে গার্জেনগিরি শুরু করেছিলেন আজও সে কাজ যত্ন সহকারে করে যাচ্ছেন| দেশে থাকতে ধারণা ছিল আমেরিকায় সব্বাই বড়লোক| ধারণা টি নিতান্তই ভুল| গ্রেজুয়েট স্টুডেন্ট রা বড়লোক তো নয় ই বরং সবার পিছে সবার নিচে সব হারাদের কাছাকাছি| তারা কোথায় সবথেকে সস্তার আহার ও বাসস্থানের সুবিধা আছে, কোন দোকানে সেল হলে অতি সামান্য মুদ্রার বিনিময়ে জামা কাপড় পাওয়া যায়, কবে ও কোথায় কার বাড়িতে নেমন্তন্নের চান্স থাকতে পারে এ সব তাদের নখ দর্পনে|

আমার সেই স্পেশাল গার্জেন প্রায়ই আমাকে এখানে ওখানে এর ওর সঙ্গে আলাপ করবার জন্য নিয়ে যেতে তত্পর হতেন| একবার সেই সুত্রে গিয়েছিলাম তিনজন ভারতীয় গ্রেজুয়েট স্টুডেন্টদের ডেরায়| সেখানে সকলের জন্যেই অবারিত দ্বার| কে কখন আসছে কে যাচ্ছে তার খবর কেউ রাখেনা| যাইহোক আমি তো আমার গার্জেনের ল্যাজে ল্যাজে গিয়েছি, তখনও জানা নেই কার বাড়ি, কে ডেকেছে, আদৌ কেউ ডেকেছে কিনা, কি বিত্তান্ত| দরজায় ধাক্কা দিচ্ছেন গার্জেন, আমি পিছনে| দরজা হাট হতে দেখা গেল কোমরে তোয়ালে সম্বল, দাড়ি কামানোর সাবান মাখা এক সজ্জন কে| তিনি আমার মুখ দর্শনমাত্র –স্ব গর্জনে " আরে লড়কি হ্যায়" বলে দড়াম করে দরজা বন্ধ করে হাওয়া| আমার গার্জেন বিন্দুমাত্র ভ্রুক্ষেপ না করে আবার দ্বারে করাঘাত করে চললেন| আবার উন্মোচিত দ্বার, কিন্তু কারোকে দেখা গেলনা| যিনি খুলেছেন তিনি অন্তরালে| গার্জেন তড়িঘড়ি ঢুকে পড়ে আমাকে আহ্বান জানালেন| ভেতরে আজব দৃশ্য পটের উদঘাটন। | ছোট্ট ঘর তাতে যাকে বলে "wall to wall" মানুষ| কেউ খাচ্ছে, কেউ রান্না করছে, কেউ এক ঝিরিঝিরি পর্দার সাদা কালো টিভি তে, খোদায় মালুম কি যেন মন দিয়ে দেখছে| পরে শুনেছিলাম ওটা বড়লোকদের পাড়া থেকে কুড়িয়ে আনা| বার তিনেক সঠিক এঙ্গেলে গোঁত্তা মারলে চালু করা যায়| তবে ওটাতেই, মানুষের চাঁদে যাওয়া সবাই দেখেছিল বলে ওটাকে বিদেয় করতে কারো মন চায় না। ইতিমধ্যে এক লম্বা সর্দারজী গান চালিয়ে তাঁর মেমসাহেব বান্ধবীকে বাহু বন্ধনে সাপটে নিয়ে নাচতে সুরু করলেন| আমার এক জেঠু, রাঁচির পাগলা গারদের ডাক্তার সুবাদে আমাদের একবার পাগলদের দেখতে নিয়ে গিয়েছিলেন| আমার মনে হলো তারই রিপিটেশন দেখছি!!

এর পর হাডসনের জলের মত কত বছর বয়ে গেছে নিউ ইয়র্কে| শিখেছি নতুন অনেক কিছু, ভুলতে শুরু করেছি পুরনো কথা| ভিড় ঠেলে যত্র তত্র অবলীলা ক্রমে যেতে শিখেছি| ক্লাসে হাত তুলে উত্তর দিতে পেরেছি, কিন্তু কিছুতেই মাস্টারদের নাম ধরে ডাকতে পারিনি| এরমধ্যে আবার আমার টেম্পরারি গার্জেন কোন ফাঁকে, নিজেকে পার্মানেন্ট পজিসনে প্রতিষ্ঠিত করেছেন, ও আমাকে এখনো এটা সেটার পাঠ পড়িয়ে যাচ্ছেন সুবিধা করতে পারলেই| এখনো কোনো অলস দিনের অবকাশে, মাঝে মাঝে ফিরে যেতে ইচ্ছে করে সেই নতুনের আস্বাদ ভরা, ভয় ভাবনার, জানা অজানার দোল দোলানো দিন গুলোতে| ওদের মাঝখানে রাখা আছে কিছু অম্ল-মধুর স্মৃতি, যা আজও আমাকে হাসি কান্নায় চঞ্চল করে তুলতে পারে|


Subha Addy

Austin, Texas

March 2014

Fiesta Mart Inc
1145 W. Airport Fwy
Irving TX 75062
Phone: 972/255-2303
Fax: 972/255-2869

Featuring a full line of Indian products including fresh variety of Indian produce, fish and meat.




*Conveniently located at the intersection of 183 and MacArthur Blvd in Irving.*

*Visit us at [http://www.fiestamart.com/](http://www.fiestamart.com/)*

# An Overview of Hindu Dharma

Dr. Sourendra K. Banerjee, Ottawa, Canada

**Introduction**: The word Dharma is usually translated as religion, the Latin root ` religo' means to bind together. It binds the members of a community with a set of convictions regarding the `creator' of beings of the world, what should be their duties, etc. The western religions like Judaism, Christianity (and even Islam) propound that (i) God as the creator is transcendent, (ii) the creator and the created form a duality without a direct link, (iii) God had sent a prophet or prophets who brought His messages as to how people should lead their lives. On the Day of Judgment, they will be judged as to whether they lived by His injunctions and accordingly rewarded or punished after life (in heaven or hell). Islam believes Mohammed was the last one who superseded all previous prophets. The Prophets are regarded as human (Separate from God), however Christianity believes that prophet Jesus was the only exception, being divine himself. Jesus' human mother Mary immaculately conceived Jesus through the Holy spirit of God the father in Heaven. Thus Jesus was God Himself incarnated in human form. God, Jesus and Holy Spirit constitute `Trinity as the united one'. Judaism and Islam do not accept this Christian view. The three religions have their scriptures: Old Testament and Torah for Judaism, New Testament for Christianity and Quran for Islam. They have other supplements.

**Hindu Dharma and Hindu Scriptures**: In Hinduism, Dharma implies broader and deeper concepts. The root Dhri means to hold or constitute. The quote " Dhriyate Ityahu Sa Eba Dharma" can be paraphrased to mean `Dharma is the foundation of all that exists, the foundation relates to physical, biological, ethical, spiritual and all aspects of the beings (whether inanimate, animate or human). It is thus a perennial law for all beings, particularly mankind (Sanatan Manab Dharma). The scope of Hindu Dharma extends from Cosmology to spiritual upliftment. Samkhya theory of "gunas" and the Saiva/ Shakta concepts of Nad (sound), Shakti (energy), Bindu (point), Kalagni (fire works of Time) etc. are not incompatible with the `Big Bang' Theory.

Unlike other religions, Hinduism has been influenced over centuries by numerous scriptures. A few of them are: (a) Vedas (Rig, Yaju, Sam and Atharva) [meaning knowledge (Vidya)] contain more than 10,000 verses. It is believed that they appeared as sound, audible only to sages (Risis) who retrieved and recorded them during 1600-800 B.C. (or earlier). The four sages associated with the four Vedas Paila, Vaishampayan , Jaimini and Sumanta/ Agniras were guided by Vedas.(b) Tantras (that which spreads knowledge) also called Agama (came down, Vedas are Nigama) are the dialogues between Shiva and Shakti (manifested forms of Divinity) and recorded by Sages. There are numerous Vaisnava, Shaiva and Shakta Tantras besides Budhist and Jain ones. (c) Vedangas are supplements to Vedas. There are six of them, which are Siksa (mainly phonetics), Vyakaran (Grammar) Chhanda (prosody dealing with syllables, beats of accents, rhymes, etc.), Nirukta (kind of encyclopedia), Jyotish (more like Astrology and some Astronomy) and Kalpa (Vedic rules of socio-spiritual living). (d) Sara Darshan or six systems of philosophy (developed before 600 B.C.E.), along with the Sages to whom they are attributed they are Kanada's Vaisesika, Gautam's Nyaya, Kapila's Samkhya, Patanjali's Yogasutra, Jaimini's Purva Mimamsa and Badarayan's Uttar Mimamsa (also known as Sharirik Sutra, as well as Vedanta Sutras). The Upanisadic parts of Vedas are also called Vedanta. Sometimes, broadly speaking, Vedanta also means the philosophy of Vedas, Uttar Mimamsa and Gita (e) Smriti Samhitas (compilations of traditions)




gideonmathandreading.com

GIDEON
MATH & READING CENTER

Denton Tap @ Sandy Lake 972-745-0890
120 S. Denton Tap #130, Coppell 75019

such as Manu's laws (there are at least 20 smritis). (f) Purans (there are many, main ones are twenty) combine and elaborate on vedic practices, philosophy and some Tantrik rituals. Many of them systematize the ways to perform pujas (e.g Satya Narayan puja is given in Reba Khanda of Skanda puran, and other purans describe Durga Puja, etc.). Early elaborate Yajna is gradually taken over by Pujas which keep Yajna as a part. This was facilitated by Chandi, (the shakta system's most important scripture) which is part of Markandeya puran. (g) Epics like Ramayan and Mahabharata were compiled before Christian Era. (h) Gita is possibly the single most known Hindu scripture. Its philosophy captivates many intellectuals all over. (i) Apart from the above, many "Bhasyas" or expositions and explanations of Hindu scriptures and philosophies exist. They were contributed by the great philosophers like Samkaracharya, Ramanuj, Abhinavagupta of early days to recent ones like Sri Ramkrisha Risi Arabinda and others. Thus Hinduism is not a founded religion. It evolved over four thousand years. Actually 'Hinduism' is an artificial name. It was variously known as Sanatan Dharama, Vedic Dharma, Arsa or Risi mat, Brahmanya (a, as in tall) Dharma. The west Asian invaders used to call the inhabitants of India around Sindhu river as Hindus. The terminology stayed with the Muslim rulers, later legitimized by the British.

**Glance at Hinduism**: Vast literature over many centuries and numerous local practices of Hinduism confuse the so called 'scholars' (especially western ones). They wonder about labeling Hinduism as polytheistic, monotheistic, pantheistic or monistic. Many would superficially criticize it as idol worshipping paganism. But a true critic realizes what an ordinary Hindu knows in the heart that "Truth or the ultimate Reality' is "One without a second" (Rigveda 1.164, Chhandogya Upanisad 6.2), which Vedas call "Tat" (soft T, soft t) or "That". Another designation is Brahma(n) (a as in all), a gender free term. The root word "Briha' suggests Brahma(n) as to mean Immensity (of matter, mind, idea, etc). The designation like Sacchidananda (sat chit-ananda or existence –consciousness-bliss) and names like Brahma (the last a as in father), Visnu, Maheswar, shakti, respectively as creative, sustaining, dissolving back unto Itself, and activating aspects of Brahma(n) are mere qualifiers for elucidating the abstract concept of Brahma(n). Hinduism is beyond "isms", "names" or "numbers', which only limit the infinitude of Divinity. "Many" (designations) seems closer to "infinity" than "mono" / one (as in monotheism) in human mind.

Hinduism is more or less one homogeneous group though there are three main sects: Vaisnavism, Saivism and Shaktism. The first one considers Vishnu as Brahma(n). They follow primarily 'Bhakti Marga' or the path of loving devotion. The latter two follow Bhakti mingled with knowledge (Jnan). Saivism regards Siva as Brahman and Siva's activating aspect is known as Shakti. Shaktism is a sister doctrine of Saivism and regards 'Shakti" as Brahma(n). Simplistically Brahma(n) in Saivism is "Siva-Shakti' and in Shaktism is 'Shakti-Siva'. Siva is inactive (Nirgun) and Shakti is the Divine Potency (Holy Power). The diverse sects with their manifold philosophical as well as ritualistic practices seem not to divide Hinduism. In a strange way they incorporate these differences and synthesize them in a coherent and fulfilling way. A religions Hindu ceremony (like puja) may appear to a non-Hindu as noisy and incoherent. However, an analysis of the steps involved and an examination of the utterances of mantras (holy sounds) establish a profundity. More importantly an ordinary devotee feels a direct encounter with Divine presence and feels wonderfully uplifted.

# TRAVEL KING
INTERNATIONAL




TRAVEL IS MORE THAN JUST ANOTHER NAME FOR TRANSPORTATION.
TRAVEL IS THE START TO A MAGICAL HOLIDAY ABUNDANT WITH PLEASURE & COMFORT. IT IS THE FIRST STEP TOWARDS MEETING A CLIENT IN PERSON TO CLOSE A DEAL THAT IS CRUCIAL TO YOUR BUSINESS.
THE SHEER IMPORTANCE PLACED ON THESE EXPERIENCES IS THE REASON YOU GO TO THE TRUSTED & PROVEN TRAVEL PROFESSIONALS AT TRAVEL KING INTERNATIONAL.

## ALWAYS TRAVEL LIKE A KING.

BETTER FARES, EXPERT ADVICE & QUALITY CUSTOMER SERVICE SINCE 1979.

Agent@FlyTravelKing.com @TRAVELKING

**Basic Ideas of Hinduism**: Brahma(n) exists eternally even when the universe does not. Most Hindu schools of thoughts believe in "Sat karya vad' (doctrine of energy of existence) which is something like 'the principle of conservation of energy/mass'. It says that any being (object) is an effect of its previous causes and is just a rearrangement of its previous constituent units which are called "gunas" (cf: Fundamental particles). There are three kinds of these gunas: luminously pure (sattva), active (rajah) and lethargic (tamah). All the objects and beings (animate or not) are constituted by ever revolving infinite number of these gunas in indifferent proportions. These proportions determine the state of the object. A so called 'new' being is merely a reassembling of the units of its previous proportions. Regressing back to the time of or prior to creation all beings are mere transformations of the first cause Brahma. (cf: Cosmology says that all of us are made of cosmic dust resulting from the Big Bang). Hinduism believes that the transformation (parinam) takes place in a way which preserves "Divinity" as the essence within each being hidden (guhayita) and unknown underneath the five outer shells (pancha kosa). These shells are physical (annamay), vital (pranmay), mental (manamay), intellectual (jnanomay) and blissful (Anandamay), and 'That' remains in different levels of manifestation in different beings. This doctrine that Brahma(n) as the Being (sat) remains lodged as Atman (soul) in the innermost core (Ananda may kosa) as Bliss (Beatitude) is known as Advaitavad or theory of non-duality.

A person's Dharma is first to know and become aware of his/her "intrinsic reality" that the body is the dwelling place of Atman/Brahman. Next, one must aspire to recover and merge in Brahmatva/Divinity.

How can one have this union of Jivatma with Brahma(n), that is, freeing one's Atman from the bondage of the body and mind? Actually Atman is always free and pure, only the embodied self is ignorant about our true identity. The paths to Moksa or Salvation are four-fold: selfless good work (Niskam karma), knowledge (Jnan), absolute devotion (Bhakti) and meditation (Rajayoga). All or any combination (even one) may be followed to remove our ignorance. If unable to accomplish in present life, one will be reborn as many times as needed, that is, to go through the cycle of rebirths (Bhava chakra) depending on previous performances.

In Hinduism, Dharma is said to have four pillars (chatus pada/chatur varga) which are: (i) pursuit of good living (Artha), (ii) fulfilling life's desires (kam) for family life and having children, (iii) following righteous life (Dharma in specific rather than composite sense) and (iv) aiming for salvation (moksa). The first two are known as 'pravritti Dharma" (Gratification of life's pleasures in regulated manner) and the last two as 'Nivritti' (Restrained) Dharma. The first three are known as 'Trivarga' and all four constitute 'chatur varga'.

Hinduism prescribes four stages of life: (i) Studentship (Brahmacharya which literally means celibacy) when one should dedicate oneself how to live 'life' properly with primary aim of self-development. (ii) The next stage is family life (garhasta), followed by (iii) semi-detached life in a cottage. This stage is called "van prastha" (dwelling in forest). (iv) The last stage of life is prescribed to be 'Sannyas' when one ought to dedicate himself completely to a spiritual end in the simplest and most austere manner. The Hindu Dharma as a way of life may be summarized as observance of three 'Da' ("th" as in that or this): Dam (restraint), Daya (kindness), Dan (charity) (Vrihadaranyak 5.2.3). These days Hinduism is associated with 'Yoga'. Unfortunately, it is seen as a means of physical improvement instead of its composite "body, mind, spirit" character. Sage Patanjali's Yoga Sutras talk about Ashtanga yoga or



# Agents you can trust.

We're the company of the community.

For decades, our financial professionals have been closely associated with the community. They can help you develop a financial strategy to protect what matters most to you.



**Probir Kundu**
Agent, New York Life Insurance Company
12201 Merit Dr.,Suite 1000
Dallas, TX 75251
pkundu@ft.newyorklife.com
(469) 867-3663

EOE M/F/D/V 51399CV 8/6/15

Life Insurance. Retirement. Investments.

KEEP GOOD GOING

NEW YORK LIFE

©2013 New York Life Insurance Company 51 Madison Ave, NY 10010. Keep Good Going® is a registered trademark of New York Life Insurance Company, All rights reserved.

eight steps of yoga. The first two 'yama' (restraint) and 'Niyam' (observance) prescribe ten basic rules: speaking truth (satya), non-coveting of other's property (Asteya), restraining urges (Brahmacharya/celibacy), non – injury (Ahimsa), disowning more than one's needs (Aparigraha) and contentment (santos), cleanliness (saucha), studying and understanding self (svadhyay), austerity (Tapas), devotion to God (Isvar Pranidhan). These ten injunctions are seen as ten Hindu commandments. The other six steps of yoga are: Asan (proper postures), 'Pranayam' (proper and extensive breathing), 'Pratyahar' (control of the sense organs), 'Dharan (concentration of mind), 'Dhyan' (meditation) and 'Samadhi (meditative trance when one feels merged with 'Divinity' – the Yogic term is "purusa').

Any discussion about Hinduism will remain incomplete without mentioning OM/Aum/Omkar [equivalently, Shabda Brahma (word as God), NadBrahma (sound as God) or Spanda (Vibrational potency)]. Aum for 'Ab' (to protect) and 'Man' (Mind) protects mind from the the turbulance of thoughts. Concentrating on OM helps one to ascend towards Brahmatva (Chhandagya 1.1.1, 1.1.6, 1.1.8 and Mundaka 2.36). OM also means 'Granting permission' in the sense of "So be it" (cf: X-ian Amen, Islamic Amin).The formless and transcendent (Nirguna) Para Brahma consents to emanate as Saguna Brahma or Immanent god through inaudible sound/word/vibration as energy of activation and the universe of beings starts evolving. Meditating on Om – the Mahavija/Great Seed and nearest approximation of Brahma – leads one to Brahmattva.

Om Tat Sat / Om is that Reality



Image Courtesy: Google Images




Real Estate Company **Classik Management Company** offers the excellent opportunity for the home buyers. When you are working with Sanjay, you know you are working with the best and here is why:

- BBB Accredited Business
- Have worked thousands of Real Estate Transactions
- Almost 10 years of extensive experience
- Worked with many BADFW members and has excellent reputation
- Focus is to get you the excellent property
- Best Possible representation
- Always available for you and help you from start to end

In addition to all the experience and negotiating power he brings to the table, Classik offers **CASH BACK** of **2.5%** on the purchase of new home or 1% cash back on the pre-owned home.

**SELLING YOUR HOME ? We can sell at discounted rate in a short period of time. Average time we sell homes is less than 30 days.**

** Licensed real estate brokerage firm in state of Texas. This offer is subject to consent of principal we represents. Equal housing opportunity.

Ph: 972 691 5898 | Toll Free No: 1-866-388-2690 | Email: info@texasdreamhouse.com | Fax: 972 539 6169

NOCOST Move.COM

Not ready for house yet. Search apartment online at www.nocostmove.com and receive Free Moving plus $25 or cash back of $200

** This offer is subject to consent of Principal we represent. Owned and operated by licensed real estate brokerage firm Classik Management Co. Texas License No. 0481436,GA License No.326186

# ঈশ্বরকণার অনুসন্ধানে

সুবিমল চক্রবর্তী

আদিমকাল থেকেই অনুসন্ধিৎসু মানুষের মনে প্রশ্ন জেগেছে, এই অসীম ব্রহ্মাণ্ডের উৎপত্তি হয়েছিল কীভাবে। এই যে গ্রহ-তারা-রবি, নক্ষত্রপুঞ্জ, এই যে বিশাল বিশাল পাহাড়, পর্বত, সমুদ্র, অরণ্য, এমনকি, সমস্ত প্রাণী—মানুষ থেকে শুরু করে ক্ষুদ্রাতিক্ষুদ্র ব্যাক্টেরিয়া পর্যন্ত—এসব কি মূলত একই 'ধাতুতে' গড়া, নাকি এদের মৌলিক গঠনে কোন রকমের মিল নেই, এরা একে অপর থেকে সম্পূর্ণ আলাদা? এখানে দুটো প্রশ্ন করা হয়েছে এবং দুটো প্রশ্নই সভ্যতার ঊষালগ্ন থেকেই অনুসন্ধিৎসু মনের বুদ্ধিমত্তাকে ক্ষতবিক্ষত করেছে। আর ক্ষতবিক্ষত করেছে বলেই মানুষের জ্ঞানের পরিধি সম্প্রসারিত হয়ে চলেছে দিনের পর দিন। কোন ধর্মীয় কুসংস্কার, রাজরোষ বা 'চার্চ' সাময়িকভাবে এই যাত্রাকে ঠেকিয়ে দিতে পারলেও অদম্য গতিতে 'আলো হাতে চলিয়াছে অসীমের যাত্রী'।

বলেছি, দুটো প্রশ্ন করা হয়েছে। এক, ব্রহ্মার এই বিশাল অণ্ডটি কি অনাদিকাল থেকেই রয়েছে নাকি কোন এক বিশেষ মুহূর্তে এর উদ্ভব হয়েছিল? বিভিন্ন ধর্ম বা ঐতিহ্য পৌরাণিক গল্প, দর্শন, অথবা অধিবিদ্যা (মেটাফিজিক্স)'র আলোকে এর উত্তর দিয়েছে। আধুনিক বিজ্ঞান এই প্রশ্নের একটা উত্তর দিয়েছে যদিও এই তত্বটি নিয়ে এখনো গবেষণা শেষ হয়নি। 'বিগ ব্যাং' (বলা যায় মহা বিস্ফোরণ)-এর মধ্য দিয়ে প্রায় ১৩,৭০০ কোটি বছর আগে ব্রহ্মার এই 'অসীম' অণ্ডটির সূত্রপাত হয়েছিল।

দ্বিতীয় প্রশ্নটি হচ্ছে, এই অণ্ডের ভেতরে যা কিছু তৈরি হয়েছে বা যা এখনো তৈরি হচ্ছে তার গঠনের পেছনে কি কোন রহস্য রয়েছে? নাকি ঈশ্বর পাঠালেন বলেই মনু বা আদম এই পৃথিবীতে এল? ঈশ্বর চেয়েছিলেন বলেই কি নিষিদ্ধ আপেল ফলেছিল? ঈশ্বর চেয়েছিলেন বলেই মনু বা আদমের আগমন ঘটেছিল এবং ঈশ্বর চেয়েছিলেন বলেই নিষিদ্ধ আপেল ফলেছিল মেনে নিলেও প্রশ্ন থেকে যায় (ঈশ্বরের) কোন বৈজ্ঞানিক প্রক্রিয়া পদার্থের গঠনে মূল ভূমিকা পালন করে। এক যুগান্তকারী আবিষ্কারের মধ্য দিয়ে ২০১২-এর ৪ঠা জুলাই আমেরিকার ২৩৬তম জন্ম দিনে বৈজ্ঞানিক মহল মোটামুটিভাবে নিশ্চিত হয়েছে যে এই বিশ্বের সমস্ত পদার্থের তৈরির পেছনে রয়েছে একটি বিশেষ কণা। গোড়াতে এই কণার নাম প্রস্তাব করা হয়েছিল ঈশ্বরকণা। অনেক দশক ধরে এই ঈশ্বরকণা বৈজ্ঞানিক গবেষকদের আলেয়ার পেছনে ছুটিয়েছে। অনেক অর্থ, অনেক পরিশ্রম, অনেক দ্বিধা, অনেক রাজনীতি গবেষকদের মনে হতাশার সৃষ্টি করেছে। বিরক্ত হয়ে সোনার হরিণ এই গড পার্টিকেল-কে এক বৈজ্ঞানিক নাম দিয়েছিলেন 'Goddamn particle'। প্রকৃতপক্ষে এই মৌলিক কণার নাম দেওয়া হয়েছে হিগস বোজন (Higgs boson). এই মৌলিক কণা আছে বলেই এত বস্তু এত পদার্থের ছড়াছড়ি এই বিশ্বে। তা না হলে সব কিছুরই জন্ম হত শুধুমাত্র এক মুহূর্তের জন্য অথবা সব কিছুই হত আলোর মত ভরহীন যাকে কিছুতেই বস্তু বা পদার্থ বলা যেত না। বস্তুহীন প্রাণহীন নির্ভার শুধুমাত্র এই আলোর মধ্যে ঈশ্বরের লীলা চলত কী করে! তাই বোধহয় হিগস বোজনের প্রস্তাবিত একটা নাম ছিল ঈশ্বরকণা।

# CHILDREN'S GARDEN MONTESSORI ACADEMY

**AMERICAN MONTESSORI SOCIETY MEMBER SCHOOL**

**NOW SERVING**

**PLANO/ ALLEN/ FRISCO/ MCKINNEY/ LITTLE ELM**

- **INFANT PROGRAM: 3 WEEKS - 18 MONTHS**
- **TODDLER PROGRAM- 18 MONTHS- 3 YRS**
- **PRIMARY PROGRAM- 3 YRS – 5 YRS**
- **KINDERGARTEN/ELEMENTARY- 5 YRS – 9YRS**

## CALL NOW 972-334-0980



**www.cgmacademy.com**

**PLANO CAMPUS**

**8565 Gratitude Tr, Plano, TX 75024**

**FRISCO CAMPUS**

**10955 Custer Rd, Frisco, TX 75035**



কণাটির নাম হয়েছে ব্রিটিশ পদার্থবিদ পিটার হিগস এবং সত্যেন্দ্র নাথ বোস-এর নামে। আবিষ্কৃত যাবতীয় মৌলিক কণাসমূহকে এক বিশেষ ভিত্তিতে (spin বা সাদামাটাভাবে বলা যায় এক জায়গায় দাঁড়িয়ে লাটিমের স্পিনের মতই কণার ঘূর্ণন) দুই ভাগে ভাগ করা যায়- বোজন ও ফারমিয়ন। ঈশ্বরকণার অনুসন্ধানের সঙ্গে অঙ্গাঙ্গীভাবে জড়িয়ে আছে ভারতীয় উপমহাদেশের আরো একজন বিজ্ঞানীর নাম। তিনি হচ্ছেন নোবেলবিজয়ী প্রয়াত আব্দুস সালাম। প্রায় পঞ্চাশ বছর আগে এই ধরনের একটা মৌলিক কণার অস্তিত্বের সম্ভাবনার প্রতি ইঙ্গিত করা হয়েছিল ব্রিটিশ বিজ্ঞানী স্টিভেন ওয়েনবারগ ও সালামের যৌথ গবেষণায়। এই কণার অনুসন্ধানের জন্য মানুষের অভিযাত্রার ইতিহাস-ই এই প্রবন্ধের বিষয়।

মূল প্রশ্নটিই হচ্ছে, কিসের তৈরি এই বিশ্ব? যুক্তিবাদী মানুষ এই নিয়ে অনেক ভেবেছে এবং বিভিন্ন আঙ্গিক থেকে এর উত্তর দেওয়ার চেষ্টা করেছে। যেমন, প্রাচীন ভারতীয় ঋষি কণাদ অনুমিত প্রায় আড়াই হাজার বছর আগে যে তত্ব দিয়েছিলেন সে তত্ব অনুযায়ী এই জগৎ ক্ষিতি (মাটি), অপ (জল), তেজ (আগুন), মরুৎ (বায়ু), ব্যোম (আকাশ)- এই পাঁচ উপাদানে গঠিত। ঠিক একই সময়ে গ্রীক দার্শনিক এম্পিদক্লেস (Empedocles) উল্লেখ করেছিলেন মাত্র চারটি উপাদানের। তাঁর তত্বে ব্যোম অন্তর্ভুক্ত নয়। ভারতীয় ঋষি আর গ্রীক দার্শনিকের চিন্তার এই আশ্চর্য মিল আমাদের ভাবিয়ে তোলে। গ্রীক বীর আলেজান্ডার ভারত অভিযানে এসেছিলেন সম্ভবত কণাদের জন্মের পর। তাহলে কি ইতিহাসে উল্লেখিত কণাদের জন্মকাল সঠিক নয়? সে যাই হোক, বস্তুর গঠন সম্পর্কে তত্ব দুটো আমাদেরকে কিছুই বলে না; তত্ব দুটো যতটাই দার্শনিক, ততটাই অবৈজ্ঞানিক। কিন্তু একই সময় গ্রীক চিন্তক লুসিপাস ও ডেমোক্রিটাস প্রথমবারের মত বললেন, এই জগতের সব কিছুই অণু নামক ক্ষুদ্র, অবিভাজ্য, এবং অবিনাশী জাগতিক পদার্থে তৈরি। ভেদাভেদে পরিপূর্ণ পৃথিবীর জন্য কি সাঙ্ঘাতিক সাহসী উপসংহার! যা কিছুকেই ক্রমাগত বিভাজন করতে থাকবে, পরিশেষে পাবে শুধু ওই একই পরমাণু। তবে এই পরমাণু যতই ক্ষুদ্র হোক এর অবশ্যই আকার ও ভর থাকতেই হবে! কিন্তু ব্যাপারটা কি তাই? এই প্রশ্নের উত্তর খুঁজতে খুঁজতে মানুষ কাটিয়েছে আড়াই হাজার বছর। এখন আমরা জানতে পেরেছি, বস্তুর গঠনে এরকম কোন পরমাণুর অস্তিত্বের আদৌ কোন প্রয়োজন নেই। এই তথাকথিত অণুর ভর থাকাটা এখন আর কোন প্রাথমিক গুণ নয়। বস্তুত, আমাদের ব্যবহারিক জীবনে ভর এবং ওজন নিয়মিত ব্যবহৃত হলেও বস্তুর গঠনের বৈজ্ঞানিক আলোচনায় 'ভর'-এর একদম প্রয়োজন নেই, এবং এই আলোচনায় ভর বলে কিছু নেইও। কোন বস্তুর ভর মেপে যেটা পাই সেটা আসলে ভরহীন মৌলিক কণাগুলোর মধ্যে আন্তঃক্রিয়ার ফলে যে শক্তির উদ্ভব হয় তারই ফলশ্রুতি। বিজ্ঞানীরা বস্তুকে বিভাজিত করতেই থাকলেন; কিন্তু পরিশেষে পেলেন না কিছুই! Higgs boson- ল্যাবরেটরিতে যার সন্ধান পাওয়া গেছে মাত্র দু'বছর আগে- ভর সৃষ্টিতে অংশগ্রহণ করে। এই কণা এক বিশেষ প্রক্রিয়ায় (Higgs mechanism) অংশ এবং এই প্রক্রিয়াই ব্যাখ্যা করে কিভাবে বিশ্বের যাবতীয় কণাসমুহের ভর সৃষ্টি হয়। আরেকটু গোড়ায় গিয়ে বলা যায়, Higgs boson-এর নিজস্ব প্রভাব বলয় রয়েছে (Higgs field)। যদি বলি, বিশ্বের যাবতীয় পদার্থ কোয়ার্ক ও লেপ্টন কণার সমন্বয়ে গঠিত, তবে বলতে হবে যে এই বিশেষ কণাগুলো তাদের ভর পেয়ে থাকে এদের হিগস-এর প্রভাব বলয়ের সঙ্গে আন্তঃক্রিয়া ও গ্লুয়ন নামক আরেক ধরনের কণাসমুহের বিমিময়ের মাধ্যমে। ভর কণাসমূহের অন্তর্নিহিত ধর্ম--এই কথা এখন অচল। ইলেকট্রন,

Ameriprise Financial

Bellinghausen & Associates
Ameriprise Private Wealth Advisory Practice

# How confident do you feel *about your retirement?*

Everyone has retirement questions. So Ameriprise created the exclusive *Confident Retirement*® approach. Together, we'll break retirement planning down step-by-step and look at four key principles of retirement: covering your essentials, ensuring your lifestyle, preparing for the unexpected and leaving a legacy.
So you can get the real answers you need.

Call me today for a *Confident Retirement*® conversation.



**JEFF BELLINGHAUSEN, CFP®**
Private Wealth Advisor

**Bellinghausen & Associates**
A private wealth advisory practice of
Ameriprise Financial Services, Inc.

801 E. Campbell Road, Ste. 585
Richardson, TX
**214.445.0600**
jeffrey.l.bellinghausen@ampf.com
ameripriseadvisors.com/
jeffrey.l.bellinghausen
CA Insurance #0D44879
AR Insurance #388240




Brokerage, investment and financial advisory services are made available through Ameriprise Financial Services, Inc. Member FINRA and SIPC.

*Confident Retirement* is not a guarantee of future financial results. The initial *Confident Retirement* conversation provides an overview of financial planning concepts. You will not receive written analysis and/or recommendations.

© 2014 Ameriprise Financial, Inc. All rights reserved. (1/14)

প্রোটন বা নিউট্রনের নিজস্ব ভর বলে কিছু নেই। বলা যাবে না যে প্রোটন বা নিউট্রন ইলেকট্রনের তুলনায় প্রায় দুই হাজার গুণ ভারি। কিন্তু কনাসমুহের বৈদ্যুতিক চার্জ-এর ধারণা কিন্তু এখনো বহাল তবিয়তে আছে। যেমন, এখনো বলতে হবে যে ইলেকট্রনের চার্জ -১, প্রোটনের চার্জ +১, এবং নিউট্রনের চার্জ ০ অর্থাৎ নিউট্রনের কোন চার্জ নেই।

আশ্চর্য হবারই কথা। কণা পদার্থবিদরা আমাদেরকে এক কঠিন চ্যালেঞ্জের মুখোমুখি করে দিয়েছেন। ছোট বেলা থেকে পড়ে এসেছি, প্রোটন, নিউট্রন, ও ইলেকট্রন হচ্ছে মৌলিক কণা। না, এখন আর সেটা বলা যাবে না। এখন আর বলা যাবে না যে চার্জ শুধুমাত্র -১,০, কিংবা +১ হবে। আমরা দেখছি, মৌলিকের ভেতরেও মৌলিক রয়েছে। অর্থাৎ, কয়েক বছর আগে যে মৌলিক ছিল, এখন সে তার মৌলিকত্ব হারিয়েছে। প্রমাণিত হয়েছে, প্রোটন ও নিউট্রন গঠিত হয় কোয়ার্ক নামক মৌলিক কণার সমন্বয়ে। আর আশ্চর্যের ব্যাপার হল, কোয়ার্কের চার্জ হতে পারে +১/২, +২/৩, এবং -১/৩। বিস্তারিতভাবে না বলে শুধু বলব যে, কোয়ার্ক কয়েক ধরনের হতে পারে এবং প্রোটন গঠিত হয় তিনটে কোয়ার্কের সমন্বয়ে। তেমনিভাবে নিউট্রন গঠিত হয় তিনটে কোয়ার্কের সমন্বয়ে। দুটো কোয়ার্কের মধ্যে যে বল বিরাজিত সেই বলকে বহন করে আট প্রকারের গ্লুয়ন কণা। এই বলের একটা অদ্ভুত বৈশিষ্ট্য রয়েছে। দুটো কোয়ার্ক যত বেশি কাছে আসে, বলের পরিমাণ তত বেশি কমে যায়। প্রোটন ও প্রোটনের মধ্যে, প্রোটন ও নিউট্রনের মধ্যে, অথবা নিউট্রন ও নিউট্রনের মধ্যে যে আকর্ষণীয় (strong force) বল বিরাজিত তা আর কিছুই নয়, কোয়ার্কগুলোর মধ্যকার আকর্ষণীয় বলের উচ্ছিষ্ট অংশ মাত্র। এখন এটা অনেকটাই পরিষ্কার যে হিগস প্রভাব বলয়ের আন্তঃ-ক্রিয়ার মধ্য দিয়েই কোয়ার্ক তার ভর অর্জন করে। অর্থাৎ, এই আন্তঃ-ক্রিয়ার মাধ্যমেই ভরহীন কোয়ার্ক ভরবাহী কণায় রূপান্তরিত হয়। কিন্তু কোয়ার্কের ভর নিতান্তভাবেই কম। এই ভর এতটাই কম যে তিনটে কোয়ার্কের (স্মর্তব্য, প্রোটন বা নিউট্রনে মাত্র তিনটে কোয়ার্ক থাকে) একত্রিত ভর শুধুমাত্র প্রোটন বা নিউট্রনের ভরের একশতাংশ মাত্র! বাকি ৯৯% কোত্থেকে আসে? এর কী ব্যাখ্যা? এই ৯৯%-এর উৎস আর কিছুই নয়, ভরের উৎস উপরে বর্ণিত ভরহীন গ্লুয়নবাহিত শক্তি। এই শক্তিই প্রোটন বা নিউট্রনের ভেতরকার কোয়ার্কগুলোকে একসঙ্গে বেঁধে রাখে।

Higgs boson-এর আবিষ্কার হয়েছিল দুই বছর আগে ৪ঠা জুলাই জেনেভায় অবস্থিত CERN-এর LHC-তে। Large Hadron Collider-এর সংক্ষিপ্ত নাম হচ্ছে LHC. এটি হচ্ছে পৃথিবীর সবচেয়ে ক্ষমতাশালী particle accelerator. LHC'র পরিধি হচ্ছে ২৭ কিলোমিটার এবং এর অবস্থান ১৭৫ মিটার মাটির নিচে। পৃথিবীর নামকরা বিজ্ঞানীরা উপস্থিত আছেন এই এক্সপেরিমেন্ট দেখার জন্য। উত্তেজনাকর অবস্থা। সবাই অপেক্ষা করছেঃ কি হয় কে জানে! ঈশ্বরকণার অস্তিত্বের পরমান কি মিলবে? কণার গতি ত্বরান্বিত হবে, তাদের মধ্যে সংঘর্ষ হবে, তৈরি হবে বিপুল পরিমাণ শক্তির, সংগৃহীত হবে অজস্র উপাত্ত, শক্তিশালী কম্পিউটারগুলো বিশ্লেষণ করবে এইসব উপাত্ত, এবং এই বিশ্লেষণের ভিত্তিতে নিশ্চিত হওয়া যাবে তত্ত্বগতভাবে যে কণার অস্তিত্বের কথা স্বীকার করা হয়েছে সেই কণার হদিস পাওয়া গেল কিনা! ক্রমশই আশার সঞ্চার হচ্ছে। মনে হল একটা নূতন কণার সন্ধান পাওয়া গেছে যার সঙ্গে তত্ত্বীয় কণার মিল আছে। কিন্তু আসলেই এটি সেই কণা? আরও প্রমাণ চাই। তবে এটা নিশ্চিত হওয়া গেল যে এই কণাটি একটা boson। কিন্তু এর স্পিন সম্পর্কে


PwC is proud to support the Bengali Association of DFW

PwC is an employer of choice in the DFW area.

- Named one of ***Fortune's*** "100 Best Companies to work For" in 2005-2014.
- Ranked #5 on ***DiversityInc's*** 2014 "Top 50 Companies for Diversity" list.
- Ranked among ***Working Mother's*** "Best Companies for Multicultural Women" in 2005-2014.


PwC, your corporate partner in professional services.

- Audit and Assurance
- Corporate Taxation
- Consulting and Advisory

pwc

যেন এখনো নিশ্চিত হওয়া গেল না! স্পিন শূন্য না দুই? কিন্তু কল্পিত কণা গ্র্যাভিটন-এর স্পিন দুই। তাত্ত্বিকভাবে বলা হয়েছে, মাধ্যাকর্ষণ বলের বাহক এই গ্র্যাভিটন। এক্সপেরিমেন্টে এই কণার অস্তিত্ব এখনো প্রমাণিত হয়নি। নূতন আবিষ্কৃত কণা গ্র্যাভিটন নয়। তাহলে স্পিন শূন্য হওয়ার সম্ভাবনাই প্রবল। তাহলেতো নূতন আবিষ্কৃত কণা Higgs boson অর্থাৎ ঈশ্বরকণা ছাড়া আর কী বা হবে!

শুধু বলা যাবে, ঈশ্বরকণার অনুসন্ধান যাত্রায় এই এপেরিমেন্ট একটা মাইলফলক হয়ে থাকবে। সামনে রয়েছে আরো এক দীর্ঘ পথ। এক্সপেরিমেন্ট আরও করতে হবে এবং জেনে নিতে হবে আবিষ্কৃত এই কণার ধর্ম ও আচরণ। তার মানেই পুরোপুরি নিশ্চিত হবার জন্য আরও সময় আর উপাত্ত দরকার। কিন্তু এটা ঠিক যে পদার্থের মৌলিক গঠন সম্পর্কে জ্ঞানার্জনের পথে এটি ছিল একটা বিরাট পদক্ষেপ। এই মুহূর্তে শুধু বলা যায়, একটা অধ্যায় মাত্র শেষ হল। এবং শুরু হল আরেকটা নূতন অধ্যায়ের।




Standard Model – Image Courtesy - Wikipedia

*Frito-Lay is proud to be a part of the Dallas / Fort Worth Community.*

*Wishing everyone a joyous Durga Puja Celebration.*


Floor Hut
HARDWOOD • CARPET
GRANITE COUNTERTOPS
TILE • LAMINATE
NATURAL STONE
HARDWOOD FLOORING SALE
5” Wide Handscraped Installed was $6.99 Now $4.99/sq.ft.
Laminate Special
5” Wide Handscraped
12mm Thickness Installed
Was $5.99 Now $3.49 sq.ft.
Carpet Special
FREE
Installation and
1/2” - 8 Pound Pad
With any carpet purchase.
Free In Home Estimates
972.964.2300
www.FloorHutInc.com
Financing Available
0% Interest
Showroom Hours: Mon - Sat 10-6 and Sun 1-4
2929 Custer Rd. Suite 306 • Plano, TX 75075
(SW corner of Custer Rd. & Parker, next to Kroger’s)
BBB

# হাসির খোরাক

*হিল্লোল রায়*

১)

ফেটাচিনি রাশিয়ায়

চাইনীজ খেয়ে

প্রেমে পড়ে রাঁধুনীর,

বলে গান গেয়ে !

এ্যাং ফুং খুশি মনে -

সার্ভ করে ডাকলিং !

ফেটাচিনী ডগমগ -

সে কি তার চাকলিং !!

২)

ভিক্টোরিয়া-র সিক্রেট

চাও যদি জানতে -


বাড়িতেই বিজি থাকো -

বসে ধান ভানতে !

ক্যাটালগ এ ভরা তার -

ভংগিমা পোজ -

হলিউড এ চলে এসো


tangerine salon
pure elegance • pure expertise
GET THE HAIR
YOU LOVE
TANGERINESALON.NET
972.393.9200
AVEDA
the
Esquire
GROOMING
AWARDS
hair
TANGERINE MEN
TANGERINESALON.NET | 972.393.9200

পাবে তার খোঁজ !!

৩)

এ্যালফেডো গিলবার্ট -

সুরাপানে ভক্ত !

নাক উঁচু করে বলে -

'ব্লু' তার রক্ত !

সাথী তার মিশকালো

ক্রিস্টিনা ডার্লিং -

পরচুলা পরে থাকে ,

চুলগুলো কার্লিং !!

৪)

জিরাফ এর শিষ্যা

স্ট্রেফনীয়া জনসন !!

লাঞ্চ এর টাইমে -

হেঁটে চলে শনশন !

ছয় ফুট লম্বা,

কটিদেশ সরু তার -

দৃষ্টিকে কাড়ে সে

পথে যেতে বার বার !!


Maharaja
INDIAN RESTAURANT & BAR
দৈনন্দিন লাঞ্চ বাফে ও প্রতি রবিবারে
ডিনার বাফে পাওয়া যায় এখানে।
SPRING CREEK
Capital One Bank
Wal-Mart
